BCS PIONEER

BCS PIONEER অ্যাপ - আপনার প্রস্তুতির সেরা সঙ্গী

বিষয়/টপিক: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স (স্টেশন অফিসার) পরীক্ষার

পরীক্ষার তারিখ: ২৪-১১-২০২৫ ইং

মোট প্রশ্ন: 97 টি

1. 'চোরে চোরে মাসতুতো' ভাই- The correct English translation of the sentence is -

(ক) Two thieves are cousins

(খ) Birds of the same group fly together

(গ) Birds of the same feather, flock together

(ঘ) Thieves will fly together

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 'চোরে চোরে মাসতুতো ভাই' প্রবাদটির ইংরেজি অনুবাদ- *Birds of the same feather, flock together.*

2. উদ্ভিদ কোন অঙ্গের মাধ্যমে খাদ্য প্রস্তুত করে?

(ক) মূল
(খ) কাণ্ড
(গ) পাতা
(ঘ) ফুল

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
উদ্ভিদের খাদ্য প্রস্তুতের প্রধান অঙ্গ হলো পাতা। সবুজ পাতায় ক্লোরোফিল (Chlorophyll) নামক একটি রঞ্জক পদার্থ থাকে, যা সূর্যের আলো শোষণ করে পানি ও কার্বন ডাই-অক্সাইডের উপস্থিতিতে শর্করা জাতীয় খাদ্য প্রস্তুত করে, এই প্রক্রিয়াকে সালোকসংশ্লেষণ (Photosynthesis) বলে। পাতার মাধ্যমে সালোকসংশ্লেষণ ঘটলেও অল্প কিছু উদ্ভিদের কাণ্ডের মাধ্যমেও সালোকসংশ্লেষণ ঘটে।
যেমন-ক্যাকটাস, ফণীমনসা, ঝাউ, শতমূলী।

3. 3cm, 4.5cm ও 5.5cm বাহুবিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল কত?

(ক) 87.5 cm^2
(খ) 6.75 cm^2
(গ) 7.5 cm^2
(ঘ) 4.25 cm^2

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল= 1/2 × ভূমি × উচ্চতা
= 1/2 × 3 × 4.5
= 6.75 cm^2

4. রাশিয়া-ইউক্রেন যুদ্ধ কত সালে শুরু হয়?

(ক) ২০২১
(খ) ২০২২
(গ) ২০২৩
(ঘ) ২০২৪

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরু হয় ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি। এই যুদ্ধের অন্যতম কারণ হলো-ইউক্রেনের ইউরোপীয় ইউনিয়ন ও ন্যাটোতে যোগ দেওয়ার সিদ্ধান্ত।
উল্লেখ্য, রাশিয়া ইউক্রেনের ক্রিমিয়া। দখল করে নেয় ২০১৪ সালে এবং বর্তমানে ইউক্রেনের ২৫ শতাংশ অঞ্চল রাশিয়ার দখলে আছে।

5. ঈশ্বরচন্দ্র গুপ্তের সম্পাদিত পত্রিকা কোনটি?

(ক) সমাচার দর্পণ
(খ) তত্ত্ববোধিনী
(গ) সংবাদ প্রভাকর
(ঘ) একটিও না

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
যুগসন্ধিক্ষণের কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত সম্পাদিত পত্রিকা *'সংবাদ প্রভাকর'*। পত্রিকাটি ১৮৩১ সালে সাপ্তাহিক হিসেবে যাত্রা শুরু করলেও ১৮৩৯ সালে বাংলা ভাষার প্রথম দৈনিক পত্রিকা হিসেবে প্রকাশিত হয়। বঙ্কিমচন্দ্র ও দীনবন্ধু মিত্রের প্রাথমিক রচনাগুলো এ পত্রিকাতেই প্রথম প্রকাশ পায়।
ঈশ্বরচন্দ্র গুপ্ত সম্পাদিত অন্যান্য পত্রিকা সংবাদ রত্নাবলী (১৮২৫), সংবাদ সাধুরঞ্জন (১৮৪৭)।

6. $x^2 - 8x - 8y + 16 + y^2$ এর সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে?

(ক) xy
(খ) 2xy
(গ) 3xy
(ঘ) 4xy

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: $x^2 - 8x-8y+16+y^2$
$=x^2+y^2+(-4)^2 + 2.x.y + 2.y\ (-4) + 2(-4)x\ -2xy$

BCS PIONEER

= $x^2 + y^2 + (-4)^2 + 2xy - 8y - 8x - 2xy = (x+y-4)^2 - 2xy$

পূর্ণবর্গ করতে হলে 2xy যোগ করতে হবে।

7. কোনটির গতি সবচেয়ে বেশি?

(ক) বুলেট (খ) বিমান

(গ) শব্দ (ঘ) আলো

সঠিক উত্তর: d

ব্যাখ্যা:

বিভিন্ন মাধ্যমের মধ্যে গতির তুলনার ক্ষেত্রে আলো বা তড়িৎ চুম্বকীয় বিকিরণের গতি সবচেয়ে বেশি। শূন্যস্থানে আলোর গতিবেগ প্রায় $3\times10^8\ ms^{-1}$ । বায়ুতে শব্দের গতিবেগ প্রায় $343\ ms^{-1}$ যা আলোর গতির তুলনায় অনেক কম। বুলেট ও বিমান হলো ফিজিক্যাল বস্তু এবং এদের গতি সেকেন্ডে এক থেকে দুই হাজার মিটারের মধ্যে থাকে, যা শব্দের গতির কাছাকাছি বা তার থেকে সামান্য বেশি হতে পারে।

8. Be careful, don't _____ your keys?

(ক) lose (খ) loose

(গ) loss (ঘ) lost

সঠিক উত্তর: a

ব্যাখ্যা: Lose - হারিয়ে ফেলা, loose - ঢিলেঢালা, loss - ক্ষতি, lost (lose-এর past form)। 'সচেতন হও, তোমার চাবি হারাইও না' অর্থে এখানে lose সঠিক উত্তর।

9. কোন দেশ থেকে আরব বসন্তের শুরু হয়?

(ক) কাতার (খ) মিসর

(গ) সৌদি আরব (ঘ) তিউনিসিয়া

সঠিক উত্তর: d

ব্যাখ্যা:

বুয়াজিজির আত্মাহুতিকে কেন্দ্র করে ২০১০ সালের ডিসেম্বরে তিউনিসিয়ায় আরব বসন্তের সূচনা হয়।

- ২০১১ সালে মিসরের তাহরির স্কয়ার ও রাজপথে মুসলিম ব্রাদারহুডসহ বিভিন্ন সংগঠনের আন্দোলনের মুখে একনায়ক হোসনি মোবারকের ৩০ বছরের শাসনের অবসান ঘটে।

- ২০২৪ সালের ৮ ডিসেম্বর এ আন্দোলনের ঢেউয়ে সিরিয়ার স্বৈরশাসক বাশার আল আসাদের ২৪ বছরের শাসনের অবসান ঘটে।

10. "আগুন" শব্দের সমার্থক শব্দ কোনটি?

(ক) দীপ্তি (খ) জাহ্নবী

(গ) বিভা (ঘ) সর্বশুচি

সঠিক উত্তর: d

ব্যাখ্যা: 'আগুন' শব্দের সমার্থক শব্দ 'সর্বশুচি'।

এর অন্যান্য সমার্থক শব্দ- অনল, বহ্নি, পাবক, হুতাশন, সর্বভুক, কৃশানু, বায়ুসখা, দহন ইত্যাদি।

11. বাংলা উপসর্গ নয় কোনটি?

(ক) অঘা (খ) অজ

(গ) প্র (ঘ) ইতি

সঠিক উত্তর: c

ব্যাখ্যা:

'প্র' বাংলা উপসর্গ নয়, এটি তৎসম উপসর্গ। বিভিন্ন অর্থে এ উপসর্গের ব্যবহার:

- প্রকৃষ্ট অর্থে- প্রভাব, প্রচলন, প্রস্ফুটিত;

- খ্যাতি অর্থে- প্রসিদ্ধ, প্রভাব, প্রতাপ;

- আধিক্য অর্থে- প্রগাঢ়, প্রচার, প্রবল; - গতি অর্থে- প্রবেশ, প্রস্থান।

অন্যদিকে, অঘা, অজ, ইতি বাংলা উপসর্গ।

12. Blue Economy কীসের সাথে সম্পর্কিত?

(ক) খনিবিদ্যা (খ) অর্থনীতি

(গ) সমুদ্রসম্পদ (ঘ) শেয়ার বাজার

সঠিক উত্তর: c

ব্যাখ্যা:

'ব্লু ইকোনমি' হলো অর্থনীতির এমন একটি বিষয় যেখানে একটি দেশের সামুদ্রিক সম্পদের সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিয়ে আলোচনা করা হয়। অধ্যাপক গুন্টার পাউলি ১৯৯৪ সালে টেকসই ও পরিবেশবান্ধব মডেল হিসেবে 'ব্লু ইকোনমি'র ধারণা দেন।

13. কোন সংখ্যার 2/5 অংশের সাথে 20 যোগ করলে সংখ্যাটির 2/3 অংশের সমান হয়। সংখ্যাটি কত?

(ক) 70 (খ) 75

(গ) 50 (ঘ) 85

সঠিক উত্তর: b

ব্যাখ্যা: ধরি, সংখ্যাটি = x প্রশ্নমতে,

(x এর 2/5) + 20 = x এর 2/3 বা, (2x/3) - (2x/5) = 20

বা, (10x - 6x)/15 = 20 বা, 4x/15 = 20 বা, 4x = 300

∴ x = 75 ∴ সংখ্যাটি = 75

14. Do you know _____ ?

BCS PIONEER

(ক) who am I
(খ) Who I am
(গ) who was I
(ঘ) who is I

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: সাধারণত একটি বাক্যের অথবা প্রশ্নের শেষে জুড়ে দেওয়া প্রশ্নকে embedded question বলা হয়। Auxiliary verb দ্বারা শুরু sentence-এর embedded question-এর গঠন : wh-word + subject + verb। যেমন: Could you tell me what time it is?। সুতরাং, এখানে সঠিক উত্তর (খ)।

15. প্রাচীন যুগের প্রধান নিদর্শন-

(ক) খনার বচন
(খ) বৈষ্ণবপদ
(গ) চর্যাপদ
(ঘ) শ্রীকৃষ্ণকীর্তন

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
বাংলা সাহিত্যের প্রাচীন যুগের প্রধান নিদর্শন চর্যাপদ। ড. হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজগ্রন্থাগার থেকে ১৯০৭ সালে চর্যাপদ আবিষ্কার করেন এবং তারই সম্পাদনায় ১৯১৬ সালে 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে প্রকাশিত হয়। প্রকাশের সময় এর নাম ছিল 'হাজার বছরের পুরাণ বাংলা ভাষায় বৌদ্ধগান ও দোহা'। চর্যাপদে মোট ২৩ জন (মতান্তরে ২৪ জন) কবির ৫০টি (মতান্তরে ৫১টি) পদ রয়েছে। এর টীকাকারের নাম মুনিদত্ত।

16. BOOK শব্দের বর্ণগুলোকে মোট কতভাবে বিন্যস্ত করা যায়?

(ক) 18
(খ) 16
(গ) 14
(ঘ) 12

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
BOOK শব্দটিতে মোট 4 টি বর্ণ আছে যার মধ্যে O আছে 2 টি।
সুতরাং, নির্ণেয় বিন্যাস সংখ্যা 4!/2! = 12

17. 'এইখানে তোর দাদির কবর ডালিম গাছের তলে' এটি কোন কবিতার লাইন?

(ক) আসমানী
(খ) নিমন্ত্রণ
(গ) কবর
(ঘ) চাকী

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
"এইখানে তোর দাদির কবর ডালিম গাছের তলে'-এটি পল্লিকবি জসীমউদ্দীনের বিখ্যাত কবিতা 'কবর'-এর লাইন।
- কবি কলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়ার সময়ই কবিতাটি প্রবেশিকা বাংলা সংকলনে অন্তর্ভুক্ত হয়। কবিতাটি 'কল্লোল' পত্রিকায় প্রকাশিত হয়।
- 'প্রতিদান, নিমন্ত্রণ' তার অন্যান্য বিখ্যাত কবিতা।

18. The store remains open _____ eight to eight?

(ক) at
(খ) between
(গ) from
(ঘ) during

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
কোনোকিছুর starting time থেকে ending time উল্লেখ করতে from ... to ব্যবহৃত হয়।

19. Synonym of the word 'scrupulous'?

(ক) mean
(খ) wicked
(গ) careful
(ঘ) corrupt

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: Scurpulous অর্থ সচেতন, সতর্ক।
অপশনসমূহের মধ্যে এর synonym হিসেবে সঠিক careful (সতর্ক)।
অন্যদিকে, mean - অর্থ, wicked - দুষ্টু, corrupt - দুর্নীতিবাজ।

20. "জমিলা" চরিত্রটি কোন উপন্যাসে পাওয়া যায়?

(ক) মৃত্যুক্ষুধা
(খ) পদ্মানদীর মাঝি
(গ) লালসালু
(ঘ) রাইফেল রোটি আওরাত

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত বিখ্যাত উপন্যাস 'লালসালু' (১৯৪৮)। ধর্মান্ধতা ও ধর্মব্যবসায়ী মানসিকতার মানুষের সামাজিক প্রভাব ও এর ভয়ংকর রূপ এ উপন্যাসে উঠে এসেছে। উপন্যাসের প্রধান চরিত্র মজিদের মাধ্যমে ধর্মব্যবসায়ীর বিষয়টি দেখানো হয়েছে। গ্রামের সহজ-সরল মানুষদের বিশ্বাসকে পুঁজি করে মজিদ কথিত পীরের মাজারকে কেন্দ্র করে তার সাম্রাজ্য গড়ে তোলে। সেখানে প্রতিবাদী ভূমিকা পালন করে মজিদের দ্বিতীয় স্ত্রী জমিলা। ধর্মব্যবসায়ী মজিদের মুখে থু থু নিক্ষেপ করে মূলত সমাজের অন্ধকার সেই দিকটিকেই যেন পাঠকের সামনে তুলে ধরে।

21. যৌগিক স্বরধ্বনি কয়টি?

(ক) একটি
(খ) দুইটি
(গ) তিনটি
(ঘ) চারটি

BCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
যখন দুটি মৌলিক স্বরধ্বনি দ্রুত উচ্চারণের ফলে একটি একক ধ্বনিতে মিলিত হয় তাকে যৌগিক স্বরধ্বনি বলে।
যৌগিক স্বরধ্বনি দুইটি- ঐ ও ঔ।

- এগুলোর গঠন: অ/ও+ই = ঐ,

উদাহরণ- কই;

- অ/ও+ উ = ঔ,

উদাহরণ- বৌ।

22. লেবুতে কোন এসিড থাকে?

(ক) এসিটিক এসিড
(খ) ফরমিক এসিড
(গ) সাইট্রিক এসিড
(ঘ) বেনজয়িক এসিড

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
লেবুতে প্রধানত সাইট্রিক এসিড থাকে, যা এর টক স্বাদের জন্য দায়ী।
- এটি একটি প্রাকৃতিক জৈব এসিড বা বহু সাইট্রাস ফল, যেমন কমলা, জাম্বুরা/বাতাবি লেবু (Pomelo), মোসাম্বি লেবু (Grapefruit), কাগজি লেবু (Lime), মাল্টা, তেঁতুল, আনারস ইত্যাদিতে পাওয়া যায়।
- এসিটিক এসিড: এটি ভিনেগারের (Vinegar) প্রধান উপাদান।
- ফরমিক এসিড : এটি মূলত পিঁপড়ার কামড় এবং মৌমাছির হুলে পাওয়া যায়।
- বেনজয়িক এসিড: এটি সাধারণত খাদ্য সংরক্ষণে ব্যবহৃত হয়।

23. বাকযন্ত্রের স্বল্পতম প্রয়াসে যে ধ্বনি উচ্চারিত হয় তাকে কী বলে?

(ক) বর্ণ
(খ) পদ
(গ) অক্ষর
(ঘ) বিভক্তি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
বাগযন্ত্রের স্বল্পতম প্রয়াসে যে ধ্বনি বা ধ্বনিগুচ্ছ উচ্চারিত হয় তাকে অক্ষর বলে।
- যেমন: বিশ্ববিদ্যালয় = বিশ্ + শো + বিদ্ + দা + লয়, বন্ধন = বন্ + ধন।
- অক্ষর দু প্রকার- মুক্তাক্ষর ও বদ্ধাক্ষর।

24. সবচেয়ে ছোট মৌলিক সংখ্যা কোনটি?

(ক) 1
(খ) 3
(গ) 0
(ঘ) 2

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
যে সংখ্যাকে ১ ও সেই সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা ভাগ করা যায় না, তাকে মৌলিক সংখ্যা বলে। যেমন ২, ৩, ৫, ৭, ১১, ১৩ ইত্যাদি। সবচেয়ে ক্ষুদ্র এবং জোড় মৌলিক সংখ্যা হলো ২।

25. $3^{(x+1)/2} = \sqrt{3}^{(2x-1)}$ হলে, x এর মান কত?

(ক) -2
(খ) $\sqrt{2}$
(গ) $-\sqrt{2}$
(ঘ) 2

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: সমাধান: $3^{(x+1)/2} = \sqrt{3}^{(2x-1)}$
বা, $3^{(x+1)/2} = 3^{(2x-1)/2}$ বা, x+1 = 2x-1 বা, x =2 (Ans)

26. আন্তর্জাতিক অপরাধ আদালত (ICC) এর প্রধান কার্যালয় কোথায়?

(ক) জেনেভা
(খ) প্যারিস
(গ) নিউইয়র্ক
(ঘ) দ্য হেগ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
International Criminal Court (ICC) বা আন্তর্জাতিক অপরাধ আদালত গণহত্যা, যুদ্ধাপরাধ এবং মানবতার বিরুদ্ধে অপরাধের জন্য অভিযুক্ত ব্যক্তিদের বিচার করার জন্য ১৯৯৮ সালের রোম সংবিধি দ্বারা প্রতিষ্ঠিত একটি স্থায়ী আন্তর্জাতিক সংস্থা।
- এর সদর দপ্তর নেদারল্যান্ডসের দ্য হেগ শহরে।
- আন্তর্জাতিক অপরাধ আদালতের বিচারক সংখ্যা ১৮ জন এবং
- বিচারকের মেয়াদ ৯ বছর।

27. কোন ঘটনাকে উপজীব্য করে 'চিলেকোঠার সেপাই' উপন্যাসটি রচিত হয়েছে?

(ক) ব্রিটিশ বিরোধী আন্দোলন
(খ) ভাষা আন্দোলন
(গ) ৬৯-এর গণঅভ্যুত্থান
(ঘ) মুক্তিযুদ্ধ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:

BCS PIONEER

'৬৯-এর গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রচিত আখতারুজ্জামান ইলিয়াসের বিখ্যাত উপন্যাস *'চিলেকোঠার সেপাই' (১৯৮৭)*। চিলেকোঠার বাসিন্দা ওসমান বৃহত্তর গণআন্দোলনে যোগ দেয়। ওসমান স্বপ্নে তার বাবার মৃত্যু দেখে। দেশবিভাগের মাধ্যমে উদ্বাস্তু হয়ে সে ঢাকায় আসে। চিলেকোঠায় আশ্রয় পাওয়া ওসমানের সাথে বামপন্থি নেতা, ছাত্রলীগ নেতা, রিকশাওয়ালা অনেকের যোগাযোগ হয়। গণঅভ্যুত্থানের সৈনিক হাডিড খিজির উপন্যাসের অন্যতম চরিত্র। নগর ও গ্রামীণ জীবনকে লেখক এক কাতারে নিয়ে এসেছেন এই উপন্যাসে। তেভাগা আন্দোলন, সন্ন্যাসী বিদ্রোহ ও ১৯৪৩-এর মন্বন্তরের প্রেক্ষাপটে রচিত তার আরেকটি উপন্যাস 'খোয়াবনামা' (১৯৯৬)।

28. 'পাবক' শব্দের সমার্থক শব্দ-

(ক) মরুভূমি
(খ) আগুন
(গ) সমুদ্র
(ঘ) বাতাস

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: 'পাবক' শব্দের সমার্থক শব্দ 'আগুন'।
এর আরও সমার্থক শব্দ-
অগ্নি, অনল, বহ্নি, বায়ুসখা, সর্বশুচি, সর্বভুক, কৃশানু, বৈশ্বানর ইত্যাদি।
- অন্যদিকে, 'সমুদ্র'-এর সমার্থক শব্দ- সাগর, জলধি, পাথার, রত্নাকর, জলধর;
- 'বাতাস'-এর সমার্থক শব্দ- বায়ু, অনিল, পবন, সমীরণ, মরুৎ ইত্যাদি।

29. যদি a + b = √3 এবং a - b = √2 হয়, তবে ab এর মান কত?

(ক) 4
(খ) 1/4
(গ) -1/4
(ঘ) -4

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: দেওয়া আছে, $a + b = \sqrt{3}$ $a - b = \sqrt{2}$ আমরা জানি,
$ab = \{(a + b)/2\}^2 - \{(a - b)/2\}^2 = \{(\sqrt{3})/2\}^2 - \{(\sqrt{2})/2\}^2$
$= (3/4) - (2/4) = (3 - 2)/4 = 1/4$

30. Lots of people are allergic _____ prawn.

(ক) of
(খ) to
(গ) from
(ঘ) with

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: allergic to = বিরাগভাজন।
এখানে কোনোকিছুর বা (চিংড়িতে)প্রতি সংবেদনশীলতা বোঝাতে allergic এর পর to বসেছে।
- Lots of people are allergic to prawn
- চিংড়িতে অনকের ই অ্যালার্জি থাকে।

31. সাইক্লোন ও টর্নেডোর মধ্যে পার্থক্য কী?

(ক) সাইক্লোনের গতি কম, টর্নেডোর গতি বেশি
(খ) সাইক্লোনের গতি বেশি, টর্নেডোর গতি কম
(গ) সাইক্লোন পানিতে সৃষ্টি, টর্নেডো ভূমিতে সৃষ্টি হয়
(ঘ) উভয়ের মধ্যে পার্থক্য নেই

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: সাইক্লোনের সাথে টর্নেডোর মূল পার্থক্য নিম্নরূপ-
i. গঠন এবং অবস্থান: সাইক্লোন সাধারণত উষ্ণ সমুদ্রপৃষ্ঠের ওপর গঠিত হয়। টনের্ডোর সাধারণত স্থলভাগে বা যেকোনো স্থানে, বজ্রঝড় (Supercells) থেকে তৈরি হয়।

ii. আকার এবং ব্যাপ্তি: সাইক্লোন আয়তনে বিশাল হয়, ব্যাস ১০০-২০০০ কিমি. পর্যন্ত। টর্নেডো তুলনামূলকভাবে খুব ছোট হয়, ব্যাস ১-১.৫ কিলোমিটার পর্যন্ত হয়।

iii. স্থায়িত্ব : সাইক্লোন দীর্ঘস্থায়ী হয়, সাধারণত এক সপ্তাহ বা তার বেশি। টর্নেডো খুব ক্ষণস্থায়ী, কয়েক মিনিট থেকে এক ঘণ্টার বেশি স্থায়ী হতে পারে।

iv. গতিবেগ: সাইক্লোনের বাতাসের গতিবেগ সাধারণত ১১৯ কিমি/ঘণ্টা এর বেশি হয়। টর্নেডোতে বাতাসের গতি অত্যন্ত বেশি, ৪৮০ কিমি/ঘণ্টা ছাড়িয়ে যেতে পারে।

32. ΔABC একটি বৃত্তস্থ ত্রিভুজ, যার AB বাহুকে E পর্যন্ত বাড়ানো হয়েছে। $\angle CBE = 80^\circ$ হলে, $\angle ABC$ =?

(ক) 40°
(খ) 30°
(গ) 45°
(ঘ) 100°

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: দেওয়া আছে, $\angle CBE = 80^\circ$
$\Rightarrow \angle ABC + \angle CBE = 180^\circ$;[এক সরল কোণ = ১৮০°]
$\Rightarrow \angle ABC + 80^\circ = 180^\circ \Rightarrow \angle ABC = 180^\circ - 80^\circ$
$\therefore \angle ABC = 100^\circ$

33. কোন কবিতাটি লেখার দায়ে কাজী নজরুল ইসলামকে গ্রেফতার করা হয়েছিলো?

(ক) আনন্দময়ীর আগমনে
(খ) মানুষ
(গ) নারী
(ঘ) কৈফিয়ৎ

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম সম্পাদিত 'ধূমকেতু' পত্রিকায় ২৬ সেপ্টেম্বর ১৯২২ সংখ্যায় তার রচিত রাজনৈতিক কবিতা *'আনন্দময়ীর আগমনে'* প্রকাশিত হলে সংখ্যাটি ব্রিটিশ সরকার নিষিদ্ধ করে এবং নজরুলকে গ্রেফতার করে এক বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

- এছাড়া 'প্রলয়শিখা' (১৯৩০) কাব্যগ্রন্থের জন্যও নজরুলকে ছয় মাসের কারাদণ্ড দেওয়া হয়।

34. মানবদেহে রক্তের গ্রুপ-এর মধ্যে নিচের কোনটি সর্বজনীন গ্রহীতা (Universal Recipient)?

(ক) A
(খ) B+
(গ) O
(ঘ) AB+

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
মানবদেহের রক্তের গ্রুপগুলোর মধ্যে 'AB+' গ্রুপকে সর্বজনীন গ্রহীতা (Universal Recipient) বলা হয়।

- যাদের রক্তের গ্রুপ AB, তাদের লোহিত রক্ত কণিকায় (RBC) 'A' এবং 'B' উভয় অ্যান্টিজেনই উপস্থিত থাকলেও কোনো অ্যান্টিবডিই থাকে না।

- অন্য গ্রুপের অ্যান্টিজেন প্রবেশ করলেও তা ধ্বংস করার মতো কোনো অ্যান্টিবডি AB গ্রুপে সক্রিয় থাকে না।

- তাই AB (নির্দিষ্ট করে বললে 'AB+') গ্রুপ প্রায় সব ধরনের রক্ত গ্রহণ করতে পারে।

- অন্যদিকে, O (নির্দিষ্ট করে বললে '-') গ্রুপকে সর্বজনীন দাতা (Universal Doner) বলা হয়।

35. My father along with my mother _____ coming to meet me.

(ক) is
(খ) are
(গ) has
(ঘ) have

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Together with, along with, accompanied by, as well as প্রভৃতি দ্বারা যুক্ত একাধিক subject-এর প্রথমটিকে অনুসরণ করে verb singular বা plural হয়। এখানে প্রথম subject 'My father' এবং verb + ing থাকায় এটি continuous tense।

- তাই এখানে is সঠিক উত্তর।

36. এশিয়া মহাদেশের মধ্যে ধনী দেশ কোনটি?

(ক) চীন
(খ) ভারত
(গ) কাতার
(ঘ) মালয়েশিয়া

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
আন্তর্জাতিক মুদ্রা তহবিল-এর ২০২৫ সালের পূর্বাভাসের ভিত্তিতে মাথাপিছু জিডিপি অনুযায়ী প্রশ্নের অপশনগুলোর মধ্যে কাতারের আয় সবচেয়ে বেশি (৭২.৭ হাজার মার্কিন ডলার)। এছাড়া মালয়েশিয়ার মাথাপিছু জিডিপি ১৪.৫ হাজার এবং চীনের ১৩.৯ হাজার মার্কিন ডলার

37. People are better educated now'. What is 'better' in the sentence?

(ক) Noun
(খ) Adjective
(গ) Adverb
(ঘ) Verb

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
প্রদত্ত sentence-এ better শব্দটি adjective educated-কে modify করেছে তাই এটি adverb ।

- Adverb সাধারণত adjective, verb এবং অন্য কোনো adverb-কে modify করে।

38. কোনটি সবচেয়ে ভারী ধাতু?

(ক) লোহা
(খ) পারদ
(গ) নিকেল
(ঘ) প্লাটিনাম

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
ভারী ধাতু সাধারণত সেই ধাতুসমূহ যাদের ঘনত্ব, পারমাণবিক ভর অথবা পারমাণবিক সংখ্যা অনেক বেশি।

- যে মৌলের ঘনত্ব ৫ গ্রাম/সে.মি.-এর বেশি তারাই ভারী ধাতু।

- *সবচেয়ে ভারী ধাতু হলো- পারদ।*

- পারদ ধাতু সাধারণ তাপমাত্রায় তরল থাকে।

- পারদের ভর সংখ্যা ২০০.৫৯।

- এটি প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে ভারী তরল ধাতু।

- সবচেয়ে মূল্যবান ধাতু প্লাটিনাম। - সবচেয়ে মূল্যবান পদার্থ হীরক।

39. Pronouns that identify or points at nouns are _____ pronoun.

(ক) emphatic
(খ) interrogative
(গ) relative
(ঘ) demonstrative

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:

BCS PIONEER

যে pronoun কোনো নির্দিষ্ট noun-কে নির্দেশ করে তাকে demonstrative pronoun (নির্দেশক সর্বনাম) বলে। যেমন: This, that, those, these, it ইত্যাদি।

40. He used to prevent me _____ doing my duty.

(ক) at (খ) against
(গ) with (ঘ) from

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
Prevent verb-টির পর preposition হিসেবে সাধারণত from ব্যবহৃত হয়।

41. When _____ ?

(ক) they arrived (খ) did they arrived
(গ) did they arrive (ঘ) they had arrived

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Wh-word-যুক্ত past indefinite tense-এর interrogative sentence-এর গঠন: wh-word + did + subject + মূল verb-এর base form + question mark (?)।
- এ নিয়মে সঠিক উত্তর: When did they arrive?

42. কোন উপন্যাসটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচনা নয়?

(ক) রাজসিংহ (খ) যোগাযোগ
(গ) কপালকুণ্ডলা (ঘ) আনন্দমঠ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
'যোগাযোগ' (১৯২৯) রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস, এটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের নয়।
- এটি একটি সামাজিক উপন্যাস।
- জমিদার শ্রেণির বিলুপ্তি নিয়ে উপন্যাসটি রচিত হয়েছে।
- প্রধান দুই চরিত্র কুমুদিনী ও মধুসূদন।
- উপন্যাসটি ১৩৩৪ বঙ্গাব্দের আশ্বিন থেকে ১৩৩৫ বঙ্গাব্দের চৈত্র মাস পর্যন্ত বিচিত্রা মাসিক পত্রে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।
- প্রথম দুই সংখ্যায় উপন্যাসটির নাম ছিল 'তিন পুরুষ' পরে রবীন্দ্রনাথ নাম পরিবর্তন করে 'যোগাযোগ' রাখেন।
- অন্যদিকে, রাজসিংহ, কপালকুণ্ডলা ও আনন্দমঠ বঙ্কিমচন্দ্র রচিত উপন্যাস।

43. What is the correct passive form of 'Who ate the banana?"

(ক) By whom was the banana eaten?
(খ) By whom has the banana been eaten?
(গ) By whom the banana was eaten?
(ঘ) By whom the banana has been eaten?

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Who দ্বারা শুরু হওয়া past indefinite tense-এর active sentence-কে passive-এ রূপান্তরের নিয়ম:
By whom + was/were + object-এর subject form + verb-এর past participle form + question mark (?)। এ নিয়মে সঠিক উত্তর: By whom was the banana eaten?

44. প্যারিস চুক্তির (Paris Agreement) মূল লক্ষ্য কী?

(ক) খাদ্য নিরাপত্তা (খ) সমুদ্র সংরক্ষণ
(গ) জলবায়ু পরিবর্তন মোকাবিলা (ঘ) জীববৈচিত্র্য সংরক্ষণ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
প্যারিস চুক্তি- জলবায়ু পরিবর্তন মোকাবিলার লক্ষ্যে ইতিহাসের প্রথম কোনো বৈশ্বিক চুক্তি, যা ২০১৫ সালে ফ্রান্সের প্যারিসে স্বাক্ষরিত হয়। এই চুক্তির আওতায় বিশ্বজুড়ে তাপমাত্রা বৃদ্ধিকে প্রাক-শিল্প যুগের তুলনায় ২° -এর C নিচে রাখা এবং সম্ভব হলে ১.৫° C-এর মধ্যে সীমাবদ্ধ রাখার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

45. _____ gold is a precious metal.

(ক) a (খ) an
(গ) the (ঘ) None of the above

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
সাধারণত নির্দিষ্ট করে না বোঝালে material noun-এর আগে the বসে না। কিন্তু নির্দিষ্ট করে বোঝালে the বসে।
যেমন: The gold of Africa is famous all over the world।
প্রদত্ত প্রশ্নে নির্দিষ্ট কিছু না বলায় gold-এর আগে article বসবে না। অর্থাৎ none of the above সঠিক উত্তর।

46. 'হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে' এটি কোন কবির লেখা?

(ক) আল মাহমুদ (খ) বুদ্ধদেব বসু
(গ) নজরুল ইসলাম (ঘ) জীবনানন্দ দাশ

BCS PIONEER

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
"হাজার বছর ধরে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে"- চরণটি জীবনানন্দ দাশের লেখা।

এটি তার বিখ্যাত কাব্যগ্রন্থ 'বনলতা সেন'-এর নামকবিতা। কবিতাটি বুদ্ধদেব বসু-র 'কবিতা' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। 'বনলতা সেন' (১৯৪২) জীবনানন্দ দাশ রচিত বাংলা কাব্যসাহিত্যের অন্যতম সেরা আধুনিক কাব্যগ্রন্থ।

- এ কাব্যগ্রন্থের অন্যান্য উল্লেখযোগ্য কবিতা- অন্ধকার, কমলালেবু, বিড়াল, শিকার, হাওয়ার রাত, হায় চিল, আমি যদি হতাম ইত্যাদি।

47. x + y = 6 এবং xy= 8 হলে, $(x - y)^2$ এর মান কত?

(ক) 4 (খ) 6
(গ) 8 (ঘ) 12

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: দেওয়া আছে, $x + y = 6$,
$xy = 8$ আমরা জানি, $(x-y)^2 = (x + y)^2 - 4xy$
$= (6)^2 - 4 \times 8$ $=36-32$ $= 4$

48. বাংলাদেশের অবস্থান কোথায়?

(ক) ২০°৩৪'-২৬°৩৮' উত্তর অক্ষরেখা এবং ৮৮°০১-৯২°৪১' পূর্ব দ্রাঘিমা রেখা

(খ) ২০°৩৮-২৬°৩৪' উত্তর অক্ষরেখা এবং ৮৮°০১'-৯২°৪১' পূর্ব দ্রাঘিমা রেখা

(গ) ২০°৩৪'-২৮°৩৮' উত্তর অক্ষরেখা এবং ৮৯°০১-৯১°৪১' পূর্ব দ্রাঘিমা রেখা

(ঘ) ২০°৩৪'-২৬°৩৪' পশ্চিম অক্ষরেখা এবং ৮৮°০১'-৯২°৪১' পশ্চিম দ্রাঘিমা রেখা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
বাংলাদেশের অবস্থান এশিয়া মহাদেশের দক্ষিণাংশ বা দক্ষিণ এশিয়ায় যা মানচিত্রে ২০°৩৪'-২৬°৩৮' উত্তর অক্ষরেখা এবং ৮৮°০১'-৯২°৪১' পূর্ব দ্রাঘিমা রেখার মধ্যবর্তী স্থানে অবস্থিত। এই অবস্থান বাংলাদেশকে ক্রান্তীয় মৌসুমী জলবায়ু অঞ্চলের অন্তর্ভুক্ত করেছে।

49. কোন বানানটি শুদ্ধ?

(ক) গিতাঞ্জলি (খ) গিতঞ্জলী
(গ) গীতাঞ্জলি (ঘ) গীতাঞ্জলী

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: শুদ্ধ বানান 'গীতাঞ্জলি'।
আরও কতিপয় শুদ্ধ বানান-গার্হস্থ, গৃহিণী, গণনা, গণ্ডুষ, গ্রামীণ ইত্যাদি।

50. কোন অঙ্গ মানুষের শরীরে ইনসুলিন উৎপাদন করে?

(ক) প্যানক্রিয়াস (খ) লিভার
(গ) কিডনি (ঘ) হার্ট

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
মানবদেহে ইনসুলিন উৎপাদনের প্রধান অঙ্গটি হলো অগ্ন্যাশয় বা প্যানক্রিয়াস (Pancreas), যা পাকস্থলীর ঠিক পিছনে অবস্থিত একটি লম্বা গ্রন্থি। অগ্ন্যাশয়ের মধ্যে বিশেষ কিছু কোষের গুচ্ছ রয়েছে, যাদেরকে আইলেটস অফ ল্যাঙ্গারহ্যান্স (Islets of Langerhans) বলা হয়। এই আইলেটসের ভেতরে থাকা বিটা কোষ (Beta Cells) ইনসুলিন নামক হরমোনটি তৈরি হয়। ইনসুলিনের মূল কাজ হলো রক্তে শর্করার (গ্লুকোজ) মাত্রা নিয়ন্ত্রণ করা।

51. 'নীলদর্পণ' নাটকটি কে রচনা করেছেন?

(ক) মীর মশাররফ হোসেন (খ) কাঙাল হরিনাথ
(গ) দীনবন্ধু মিত্র (ঘ) কাজী নজরুল ইসলাম

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
উনিশ শতকের বাংলা নাটকের অন্যতম শ্রেষ্ঠ রূপকার দীনবন্ধু মিত্রের (১৮৩০-১৮৭৩) 'নীলদর্পণ' (১৮৬০) নাটকটি ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ। মেহেরপুর অঞ্চলে নীলকরদের অত্যাচার ও নীলচাষিদের দুঃখ এর উপজীব্য।

- দীনবন্ধু মিত্র Harriet Beecher Stowe-এর 'Uncle Tom's Cabin' উপন্যাসটির ঘটনার আদলে এটি রচনা করেন।

- 'A Native' ছদ্মনামে মাইকেল মধুসুদন দত্ত নাটকটি অনুবাদ করে নাম দেন 'The Indigo Planting Mirror' (১৮৬১)।

52. This is the book I lost. Here I 'lost' is -

(ক) a noun clause (খ) an adverbial clause
(গ) an adjective clause (ঘ) a co-ordinate clause

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Adjective-এর মতো adjective clause-ও বাক্যস্থিত noun বা pronoun-কে modify করে। এখানে, 'I lost' clause-টি noun 'the book'-কে modify করায় এটি adjective clause.

53. 2 + 4 + 8 + 16 + ... ধারাটির সপ্তম (৭ম) পদ কত?

BCS PIONEER

(ক) 128 (খ) 120

(গ) 125 (ঘ) 124

সঠিক উত্তর: a

ব্যাখ্যা: এখানে, প্রথম পদ, a = 2 সাধারণ অনুপাত, r = 4/2 = 2

∴ ধারাটির ৭ম পদ = ar^{n-1} $= 2 \times 2^{7-1}$

$= 2 \times 2^6$ $= 2 \times 64$

$= 128$

54. 'অবরোধবাসিনী' গ্রন্থের রচয়িতা-

(ক) সুফিয়া কামাল (খ) বেগম রোকেয়া

(গ) সেলিনা হোসেন (ঘ) তসলিমা নাসরিন

সঠিক উত্তর: b

ব্যাখ্যা:

রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত বিখ্যাত একটি গ্রন্থ 'অবরোধবাসিনী' (১৯৩১)। গ্রন্থটি দিনলিপি আকারে লেখা। ছোট ছোট ঘটনা নিয়ে লেখা হয়েছে। ছোট ছোট ৫ ঘটনার ব্যাঙ্গাত্মক উপস্থাপনে গ্রন্থটি বিশিষ্টতা পেয়েছে। এ গ্রন্থে ৪৭টি ঘটনা বর্ণিত হয়েছে যেখানে তৎকালীন কুসংস্কারপূর্ণ সমাজব্যবস্থার চিত্র উঠে এসেছে। এতে পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থায় অবরুদ্ধা নারীদের করুণ চিত্র ফুটিয়ে তুলেছেন রোকেয়া সাখাওয়াত হোসেন। এ গ্রন্থের লেখাগুলো বই আকারে ছাপানোর পূর্বে ১৯২৮ থেকে ১৯৩০ সাল পর্যন্ত 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় ছাপানো হয়েছিল।

তার অন্যান্য উল্লেখযোগ্য গ্রন্থ: - মতিচুর (১ম খণ্ড ১৯০৪,

- ২য় খণ্ড ১৯২২), - সুলতানার স্বপ্ন (১৯২২)।

55. ১০% হার মুনাফাতে ২০০০ টাকার ৯ মাসের মুনাফা কত?

(ক) ১৫০ টাকা (খ) ২৫০ টাকা

(গ) ২০০ টাকা (ঘ) ৩০০ টাকা

সঠিক উত্তর: a

ব্যাখ্যা:

প্রশ্ন: ১০% হার মুনাফাতে ২০০০ টাকার ৯ মাসের মুনাফা কত?

সমাধান: এখানে, আসল, P = ২০০০ টাকা

মুনাফার হার, r = ১০% = ১০/১০০ = ১/১০

সময়, n = ৯ মাস = ৯/১২ = ৩/৪ বছর মুনাফা, I = Pnr

= ২০০০ × (৩/৪) × (১/১০) = ১৫০ টাকা

56. ক : খ = ২ : ৩ এবং খ : গ = ৪ : ৫ হলে ক : খ : গ = কত?

(ক) ৮ : ১২ : ১৫ (খ) ৮ : ১৫ : ১৯

(গ) ৮ : ১৪ : ১৫ (ঘ) ৮ : ১২ : ১৮

সঠিক উত্তর: a

ব্যাখ্যা:

প্রশ্ন: ক : খ = ২ : ৩ এবং খ : গ = ৪ : ৫ হলে ক : খ : গ = কত?

সমাধান: ক : খ = ২ : ৩ ⇒ ক : খ = (২ : ৩) × ৪ = ৮ : ১২

খ : গ = ৪ : ৫ ⇒ খ : গ = (৪ : ৫) × ৩ = ১২ : ১৫

∴ ক : খ : গ = ৮ : ১২ : ১৫

57. Which one is a modal verb?

(ক) Want (খ) Wish

(গ) Pray (ঘ) Might

সঠিক উত্তর: d

ব্যাখ্যা:

প্রদত্ত অপশনসমূহের মধ্যে modal /auxiliary হলো may-এর past form might.

আরও কিছু modal auxiliary হলো: *can, could, shall, should, will, would, ought to, must, have to, used to* ইত্যাদি।

58. হীরাকে বায়ুতে পোড়ালে কী উৎপন্ন হয়?

(ক) কোক (খ) কঠিন গ্যাস

(গ) ছাই (ঘ) $CO2$

সঠিক উত্তর: d

ব্যাখ্যা:

হীরাকে বায়ুতে পোড়ালে প্রধানত কার্বন ডাই-অক্সাইড গ্যাস CO_2 উৎপন্ন হয়। হীরা হলো কার্বনের একটি বিশুদ্ধতম এবং কেলাসিত রূপ। যখন হীরাকে বায়ুতে অত্যন্ত উচ্চ তাপমাত্রায় (প্রায় 760°C - 850° C) উত্তপ্ত করা হয়, তখন এটি অক্সিজেনের সাথে বিক্রিয়া করে। কার্বন ডাই-অক্সাইড গ্যাস তৈরি করে। এই প্রক্রিয়ায় হীরা কোনো ছাই বা কঠিন তৈরি করে না, বরং সম্পূর্ণরূপে অদৃশ্য হয়ে গ্যাসে রূপান্তরিত হয়। বিক্রিয়াটি নিম্নরূপ:

$C(diamond) + O_2(g) \rightarrow CO_2(g) + Energy$

59. বায়ুমণ্ডলে নাইট্রোজেনের অনুপাত কত?

(ক) ২০.৭১% (খ) ৭৮.০২%

(গ) ২৯.৭১% (ঘ) ৭৮.০৫%

BCS PIONEER

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: বায়ুমণ্ডলের কিছু উপাদান ও শতকরা পরিমাণ হলো :

- নাইট্রোজেন → ৭৮.০২%
- আর্গন → ০.৮০%
- জলীয় বাষ্প → ০.৪১% এবং
- কার্বন ডাই-অক্সাইড → ০.০৩%

60. অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে?

(ক) ডিরোজিও (খ) কায়কোবাদ
(গ) নবীনচন্দ্র সেন (ঘ) মাইকেল মধুসূদন দত্ত

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত।কবিতার পঙ্ক্তির শেষে মিলহীন ছন্দকে অমিত্রাক্ষর ছন্দ বা সনেট বলে। একে প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দও বলা হয়।

- কবি পেত্রার্ক-এর সনেট রচনার মাধ্যমে সর্বপ্রথম সনেটের উদ্ভব হয় ইতালিতে।

- আর বাংলা সাহিত্যে মাইকেল মধুসূদন দত্ত তার 'পদ্মাবতী' (১৮৬০) নাটকের দ্বিতীয় অঙ্কের দ্বিতীয় গর্ভাঙ্কে প্রথম অমিত্রাক্ষর ছন্দের প্রয়োগ ঘটান।

- তবে তিনি অমিত্রাক্ষর ছন্দের সফল প্রয়োগ ঘটান তার 'তিলোত্তমাসম্ভব কাব্যে' (১৮৬০)।

61. টেকসই উন্নয়নের লক্ষ্য (SDG) এর এক নম্বর লক্ষ্য কোনটি?

(ক) দারিদ্রমুক্ত বিশ্ব (খ) ক্ষুধামুক্ত বিশ্ব
(গ) সবার জন্য শিক্ষা (ঘ) পরিবেশ রক্ষা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
জাতিসংঘ ২০১৫ সালে ১৫ বছর মেয়াদি (২০১৬-২০৩০) এসডিজি পরিকল্পনা গ্রহণ করে।

- এর অভীষ্ট বা গোলের সংখ্যা ১৭টি এবং লক্ষ্যমাত্রা ১৬৯টি।

- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ১ নম্বর লক্ষ্য দারিদ্র্যমুক্ত বিশ্ব প্রতিষ্ঠা।

- ২, ৪ ও ১৩ নম্বর লক্ষ্য হলো যথাক্রমে ক্ষুধামুক্তি, মানসম্মত শিক্ষা ও জলবায়ু কার্যক্রম।

62. কারক প্রধানত কত প্রকার?

(ক) পাঁচ প্রকার (খ) ছয় প্রকার
(গ) চার প্রকার (ঘ) সাত প্রকার

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
'কারক' শব্দের অর্থ 'যা ক্রিয়া সম্পাদন করে'।বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের যে সম্পর্ক তাকে কারক বলে।

কারক ছয় প্রকার- - কর্তৃকারক, - কর্মকারক, - করণ কারক,

- সম্প্রদান কারক, - অপাদান কারক ও - অধিকরণ কারক।

63. They all have been friends _____ their first toumament as a team.

(ক) since (খ) for
(গ) during (ঘ) from

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Present perfect tense-এ point of time (কোনো কাজের সূচনালগ্ন) বোঝাতে since ব্যবহৃত হয়। প্রদত্ত sentence-এ 'তাদের বন্ধুত্ব' শুরুর সময় বোঝানো হয়েছে। তাই এখানে since বসবে।

64. Find out the correct sentence.

(ক) I, you and Ruma are guilty.
(খ) Ruma, you and I are guilty.
(গ) Ruma, I and you are guilty.
(ঘ) I, you and Ruma is guilty.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Verb-এর আগে একাধিক person এবং number-এর subject and/or দ্বারা যুক্ত হয়ে যদি দোষ স্বীকার করা বোঝায় তাহলে 1st, 2nd ও 3rd person (1, 2, 3) অনুযায়ী subject form ব্যবহৃত হয়।

- দোষ স্বীকার না হয়ে অন্য কাজ বোঝালে *2nd, 3rd, 1st person* (2, 3, 1) অনুযায়ী subject form বসে।

65. Which one is in plural number?

(ক) datum (খ) goose
(গ) basis (ঘ) formuale

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
প্রদত্ত অপশনসমূহের মধ্যে plural number হলো: formulae, যার singular হলো formula.
অন্যদিকে, datum, goose এবং basis হচ্ছে singular, এদের plural যথাক্রমে data, geese, bases.

66. প্রতিবছর বাংলাদেশে বেশি মানুষ মারা যায় কোনটির ফলে?

BCS PIONEER

(ক) রোড এক্সিডেন্ট (খ) সাইক্লোন

(গ) বন্যা (ঘ) নদীভাঙন

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
প্রতিবছর বাংলাদেশে সবচেয়ে বেশি মানুষ মারা যায় সড়ক দুর্ঘটনায়। বাংলাদেশ সড়ক পরিবহণ কর্তৃপক্ষের প্রকাশিত দুর্ঘটনা প্রতিবেদন অনুযায়ী- সড়ক দুর্ঘটনায় ২০২৪ সালে দেশে প্রাণহানি হয়েছে ৫,৩৮০ জনের। উল্লেখ্য, 'বেসরকারি সংস্থা রোড সেফটি ফাউন্ডেশন' ও 'যাত্রী কল্যাণ সমিতি'-এর প্রতিবেদন অনুসারে ২০২৪ সালে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা যথাক্রমে ৭,২৯৪ ও৮,৫৪৩ জন।

67. Both Rahim and Habib _____ fit for the job.

(ক) is (খ) was

(গ) has been (ঘ) are

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
Both ..... and ..... দ্বারা যুক্ত একাধিক subject যদি ভিন্ন ভিন্ন ব্যক্তি, বস্তু বা প্রাণীকে বোঝায় তবে তা plural subject হয় এবং এদের পরে verb plural হয়।
- তাই এখানে are সঠিক উত্তর।

68. WTO-এর কাজ কী?

(ক) আন্তর্জাতিক নিরাপত্তা রক্ষা

(খ) বিশ্ববাণিজ্য সহায়তাকরণ

(গ) জলবায়ুবিষয়ক সমাধান

(ঘ) মানবাধিকার পর্যবেক্ষণ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বিশ্বের বৃহত্তম বাণিজ্য নিয়ন্ত্রণকারী সংস্থা World Trade Organization (WTO) প্রতিষ্ঠিত হয় ১ জানুয়ারি ১৯৯৫। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। ১৬৬ সদস্যবিশিষ্ট (সর্বশেষ পূর্ব তিমুর, ৩০ আগস্ট ২০২৪) উক্ত সংস্থার প্রধান কাজগুলোর মধ্যে রয়েছে- বিশ্ববাণিজ্যসংক্রান্ত চুক্তিগুলো তৈরি, প্রয়োগ ও তত্ত্বাবধান করা। বিভিন্ন দেশের মধ্যকার বাণিজ্যিক বিবাদ নিষ্পত্তি করা এবং উন্নয়নশীল দেশগুলোর বাণিজ্য ক্ষেত্রে সহায়তা প্রদান করা।

69. 'প্রেমাংশুর রক্ত চাই' কোন জাতীয় গ্রন্থ?

(ক) ভ্রমণ কাহিনি (খ) আত্মস্মৃতি

(গ) কাব্য (ঘ) ছোটগল্প

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
'প্রেমাংশুর রক্ত চাই' (১৯৭০) নির্মলেন্দু গুণের প্রথম কাব্যগ্রন্থ। এ কাব্যগ্রন্থই তাকে কবি হিসেবে জনপ্রিয়তা এনে দেয়। ৩১টি কবিতা রয়েছে এ কাব্যগ্রন্থে। প্রথম কবিতা 'হুলিয়া' তার সর্বাধিক জনপ্রিয় কবিতা। নির্মলেন্দু গুণের অন্যান্য
উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ: - না প্রেমিক না বিপ্লবী (১৯৭২), কবিতা:
- অমীমাংসিত রমণী (১৯৭৩), - দীর্ঘ দিবস দীর্ঘ রজনী (১৯৭৪),
- চাষাভুষার কাব্য (১৯৮১), - দূর হ দুঃশাসন (১৯৮৩)।

70. ঝিনুকের প্রদাহের ফল কোনটি?

(ক) প্রবাল (খ) স্বর্ণ

(গ) হীরক (ঘ) মুক্তা

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
মুক্তা হলো ঝিনুকের একটি প্রতিরক্ষামূলক প্রতিক্রিয়া বা প্রদাহের ফল। যখন কোনো বহিরাগত কণা (যেমন: বালি, ক্ষুদ্র পরজীবী) ঝিনুকের খোলের ভেতরে প্রবেশ করে এবং তার নরম দেহের অংশকে আঘাত করে বা উত্তেজনা সৃষ্টি করে, তখন ঝিনুক এই 'প্রদাহ' বা জ্বালা থেকে নিজেকে রক্ষা করার জন্য নাক্রে (Nacre) নামক একটি পদার্থ নিঃসরণ করতে শুরু করে। ঝিনুকের খোলসে বাইরে থেকে প্রবেশ করানো গোলাকার বস্তুর চারপাশে স্তরে স্তরে ন্যাক্রে জমতে থাকলে তা সময়ের সাথে সাথে মূল্যবান মুক্তাতে পরিণত হয়।

71. নিচের কোনটি সবচেয়ে ছোট?

(ক) ২/১১ (খ) ৩/১১

(গ) ২/১৩ (ঘ) ৪/১৫

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: অপশন (ক): ২/১১ = ০.১৮১৮
অপশন (খ): ৩/১১ = ০.২৭২৭ অপশন (গ): ২/১৩ = ০.১৫৩৮
অপশন (ঘ): ৪/১৫ = ০.২৬৬৭ অর্থাৎ, সবচেয়ে ছোট : ২/১৩

72. আয়তনে বাংলাদেশের সর্ববৃহৎ জেলা কোনটি?

(ক) রাঙ্গামাটি (খ) বান্দরবান

(গ) চট্টগ্রাম (ঘ) কুমিল্লা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:

BCS PIONEER

আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা রাঙ্গামাটি এবং ক্ষুদ্রতম জেলা নারায়ণগঞ্জ। ৯টি উপজেলাবিশিষ্ট রাঙ্গামাটি জেলার আয়তন ৬,১১৬ বর্গকিলোমিটার।

উল্লেখ্য, রাঙ্গামাটি বাংলাদেশের একমাত্র জেলা যার সাথে ভারত ও মিয়ানমার উভয় দেশের সীমান্ত সংযোগ রয়েছে।

73. সূর্যের প্রধান উপাদান কোনটি?

(ক) নাইট্রোজেন
(খ) অক্সিজেন
(গ) হাইড্রোজেন ও হিলিয়াম
(ঘ) কার্বন ডাই-অক্সাইড

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: সূর্যের প্রধান উপাদান হলো হাইড্রোজেন (Hydrogen) গ্যাস।

- সূর্য মূলত একটি বিশাল জ্বলন্ত গ্যাসপিণ্ড, যার মোট ভরের।

- প্রায় ৭৩ শতাংশই হাইড্রোজেন। এরপরেই দ্বিতীয় প্রধান উপাদান হিসেবে রয়েছে হিলিয়াম (Helium), যা সূর্যের মোট ভরের প্রায় ২৫ শতাংশ।

- বাকি মাত্র ২ শতাংশের মধ্যে অক্সিজেন, কার্বন, নিয়ন এবং লোহাসহ অন্যান্য ভারী উপাদান উপস্থিত থাকে।

74. এক ঝুড়ি আম ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫ বেশি হলে ৫% লাভ হতো। এক ঝুড়ি আমের দাম কত?

(ক) ১০০ টাকা
(খ) ১৫০ টাকা
(গ) ২০০ টাকা
(ঘ) ৩০০ টাকা

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
প্রশ্ন: এক ঝুড়ি আম ১০% ক্ষতিতে বিক্রয় করা হল। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হয়। এক ঝুড়ি আমের দাম কত?

সমাধান: মনে করি, এক ঝুড়ি আম ক্রয়মূল্য = ১০০ টাকা।

১০% ক্ষতিতে, বিক্রয়মূল্য = (১০০ - ১০) টাকা = ৯০ টাকা।

এবং ৫% লাভে, বিক্রয়মূল্য = (১০০ + ৫) টাকা = ১০৫ টাকা।

সুতরাং বিক্রয়মূল্য বেশি = (১০৫ - ৯০) = ১৫ টাকা।

বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ বিক্রয়মূল্য ১ টাকা বেশি হলে ক্রয়মূল্য = ১০০/১৫ টাকা

∴ বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য = (১০০ × ৪৫)/১৫ টাকা

= ৩০০ টাকা। সুতরাং এক ঝুড়ি আমের ক্রয়মূল্য ৩০০ টাকা।

75. কোনটি অসংক্রামক রোগ?

(ক) কলেরা
(খ) টাইফয়েড
(গ) ডায়াবেটিস
(ঘ) আমাশয়

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:

যেসব রোগের জীবাণু বায়ু, পানি বা অন্য কোনো মাধ্যমের সাহায্যে শরীরে প্রবেশ করে তাকে সংক্রামক রোগ বলে।

উদাহরণ- কলেরা, প্লেগ, হাম, ম্যালেরিয়া, টাইফয়েড, আমাশয়, ডেঙ্গু ইত্যাদি।

যেসব সংক্রামক নয় তাদের অসংক্রামক রোগ বলে।

যেমন: হৃদরোগ, ডায়াবেটিস, ক্যান্সার, অ্যাজমা ইত্যাদি।

76. ভানুসিংহ ঠাকুর কে?

(ক) সমরেশ মজুমদার
(খ) বুদ্ধদেব বসু
(গ) প্যারীচাঁদ মিত্র
(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
ভানুসিংহ ঠাকুর হলো রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম। কৈশোর ও প্রথম যৌবনে কবি এ ছদ্মনামে বৈষ্ণব কবিদের অনুকরণে কিছু পদ রচনা করেছিলেন। পরে সে পদগুলো 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' (১৮৮৪) নামে প্রকাশিত হয়েছিল। অন্যদিকে, প্যারীচাঁদ মিত্র ও বুদ্ধদেব বসুর ছদ্মনাম যথাক্রমে টেকচাঁদ ঠাকুর ও বিপ্রদাস মিত্র।

77. They succeeded by _____ .

(ক) work hardly
(খ) hardly work
(গ) working hardly
(ঘ) working hard

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
Hardly শব্দটি Hard (কঠোর)-এর adverb নয়। বরং কদাচিৎ বোঝাতে নেতিবাচক অর্থে এটি ব্যবহৃত হয়। কাজেই অর্থের সামঞ্জস্য রক্ষায় working hard এখানে সঠিক উত্তর।

78. Which of the following is msculine gender?

(ক) buck
(খ) doe
(গ) mare
(ঘ) ewe

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
প্রদত্ত অপশনসমূহের মধ্যে buck হলো masculine এর feminine হলো Doe.

Mare এবং ewe হলো feminine যাদের masculine যথাক্রমে stallion এবং ram

79. বাংলাদেশে গণভোট অনুষ্ঠিত হয়েছিল কত সালে?

(ক) ১৯৭৬
(খ) ১৯৮২
(গ) ১৯৭৭
(ঘ) ১৯৭৫

BCS PIONEER

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
স্বাধীন বাংলাদেশে ২০২৬ সাল পর্যন্ত চারবার গণভোট অনুষ্ঠিত হয়েছে ১৯৭৭, ১৯৮৫, ১৯৯১ ও ২০২৬ সালে।
- প্রথম গণভোট হয় ১৯৭৭ সালের ৩০ মে, যার উদ্দেশ্য ছিলো সেনাপ্রধান থেকে রাষ্ট্রপতির দায়িত্ব নেওয়া জিয়াউর রহমানের শাসনকাজের বৈধতা দেওয়া।
- সর্বশেষ গণভোট হয়: ২০২৬ সালের ১২ ফেব্রুয়ারি।

80. বাংলাদেশে বীরউত্তম পদকপ্রাপ্ত মুক্তিযোদ্ধার সংখ্যা কত?

(ক) ৭৫ (খ) ৬০
(গ) ৬৫ (ঘ) ৬৮

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
১৫ ডিসেম্বর ১৯৭৩ সরকারি গেজেট নোটিফিকেশনের মাধ্যমে ৬৭৬ জন মুক্তিযোদ্ধাকে খেতাব প্রদান করে বাংলাদেশ সরকার, যার মধ্যে
- ৭ জন বীরশ্রেষ্ঠ, - ৬৮ জন বীরউত্তম, - ১৭৫ জন বীরবিক্রম এবং
- ৪২৬ জন হলেন বীরপ্রতীক।

81. কোন সংখ্যার দ্বিগুণের সাথে ৩ যোগ করলে যোগফল সংখ্যাটির চেয়ে ৭ বেশি হয়?

(ক) ৪ (খ) ৬
(গ) ৮ (ঘ) ১০

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: ধরি, সংখ্যাটি x প্রশ্নমতে, $2x + 3 = x + 7 \Rightarrow 2x-x = 7-3$
$\therefore x = 4$ $\therefore$ নির্ণেয় সংখ্যাটি ৪

82. We protested _____ his tyranny.

(ক) on (খ) over
(গ) against (ঘ) at

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
কোনোকিছুর বিরুদ্ধে প্রতিবাদ করা বোঝাতে protest against ব্যবহৃত হয়।

83. দুইটি সম্পূরক কোণের সমষ্টি কত?

(ক) ৯০° (খ) ১৫২°
(গ) ১৮০° (ঘ) ১৬০°

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
দুইটি কোণের সমষ্টি ১৮০° হলে তাদের একটি অপরটির সম্পূরক কোণ।
$\therefore$ দুইটি সম্পূরক কোণের সমষ্টি = ১৮০°

84. একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১৪ সেমিঃ হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

(ক) ৩৬ বর্গ সেমিঃ (খ) ৪৯ বর্গ সেমিঃ
(গ) ৫০ বর্গ সেমিঃ (ঘ) ৩৯ বর্গ সেমিঃ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
ধরি, সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য = x
$x^2 + x^2 = 14^2$ $x^2 = 98$ ক্ষেত্রফল = ½ x ভূমি x উচ্চতা
= ½ x^2 = 49

85. জাতিসংঘের দাপ্তরিক ভাষা কয়টি?

(ক) ০৩টি (খ) ০৬টি
(গ) ০২টি (ঘ) ০৮টি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বিশ্বশান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৪৫ সালের ২৪ অক্টোবর জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। সংস্থাটির অফিসিয়াল ভাষা ৬টি। যথা- ইংরেজি, ফরাসি, রুশ, স্প্যানিশ, চীনা ও আরবি। এছাড়া আরও তিনটি ভাষায় (সোয়াহিলি, পর্তুগিজ ও বাংলা) জাতিসংঘের রেডিও ওয়েবসাইটে খবর প্রচার করা হয়।

86. টেলিভিশনে রঙিন ছবি তৈরিতে কতটি মৌলিক রং ব্যবহৃত হয়?

(ক) ৪টি (খ) ৩টি
(গ) ৭টি (ঘ) ২৫৬টি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
টেলিভিশন বা যে-কোনো ডিজিটাল ডিসপ্লেতে (যেমন : কম্পিউটার মনিটর বা স্মার্টফোন স্ক্রিন) রঙিন ছবি তৈরি করতে যে তিনটি মৌলিক রং ব্যবহার করা হয়, সেগুলোকে অ্যাডিটিভপ্রাইমারি কালার (Additive Primary Colors) বলা হয়। এই তিনটি মৌলিক রং হলো: লাল (Red), সবুজ (Green) এবং নীল (Blue) সংক্ষেপে RGB। এই তিনটি রঙের আলো বিভিন্ন তীব্রতার মিশিয়ে বিভিন্ন রঙ সৃষ্টি করা হয়।

BCS PIONEER

87. 'গোঁফখেজুরে' বাগরার অর্থ -

(ক) নির্বোধ
(খ) অকর্মণ্য
(গ) নিতান্ত অলস
(ঘ) সংকীর্ণমনা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 'গোঁফ-খেজুরে' বাগধারার অর্থ নিতান্ত অলস।
'অলস' অর্থে আরও বাগধারা- - ঢেঁকি অবতার, - কুড়ের বাদশা,
- আঠারো মাসে বছর। অন্যদিকে, 'নির্বোধ' অর্থে বাগধারা-
- গোবর গণেশ, - বুদ্ধির ঢেঁকি; 'অকর্মণ্য' অর্থে বাগধারা-
- ধর্মের ষাঁড়, - ঠুটো জগন্নাথ;
- 'সংকীর্ণমনা' অর্থে- বান্ধারা 'কূপমণ্ডুক'।

88. মৈমনসিংহ গীতিকার সংগ্রাহক কে?

(ক) আবদুল করিম সাহিত্য বিশারদ
(খ) দীনেশচন্দ্র সেন
(গ) মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী
(ঘ) চন্দ্রকুমার দে

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
ড. দীনেশচন্দ্র সেনের আগ্রহে ও স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের পৃষ্ঠপোষকতায় চন্দ্রকুমার দে মৈমনসিংহ গীতিকা সংগ্রহ করেন। তবে এর সম্পাদনা করেন দীনেশচন্দ্র সেন। বিশ্বের ২৩টি ভাষায় গ্রন্থটি মুদ্রিত হয়।

89. কোন উপন্যাসটির রচয়িতা জহির রায়হান?

(ক) চোখের বালি
(খ) খোয়াবনামা
(গ) পতঙ্গপিঞ্জর
(ঘ) আরেক ফাল্গুন

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
কথাশিল্পী ও চলচ্চিত্র পরিচালক জহির রায়হান রচিত ভাষা আন্দোলনভিত্তিক প্রথম উপন্যাস হলো 'আরেক ফাল্গুন' (১৯৬৮)।
- বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন ও ১৯৫৫ সালের ২১ ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতায় তিনি এটি লেখেন।
- উল্লেখযোগ্য চরিত্র-মুনিম, আসাদ, রসুল, সালমা।
- 'আসছে ফাল্গুনে আমরা দ্বিগুণ হবো' এ উপন্যাসের একটি উল্লেখযোগ্য সংলাপ।

90. মানচিত্র ও স্কেচের মধ্যে পার্থক্য কী?

(ক) মানচিত্রে স্কেল থাকে, স্কেচে স্কেল থাকে না
(খ) উভয়ের মধ্যে পার্থক্য নেই
(গ) মানচিত্রে স্কেল থাকে না, স্কেচে স্কেল থাকে
(ঘ) মানচিত্রে বড় স্কেল ও স্কেচে ছোট স্কেল থাকে

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
একটি নির্দিষ্ট স্কেল ব্যবহার করে একটি এলাকার বিস্তারিত, নির্ভুল ও সুনির্দিষ্ট তথ্য উপস্থাপনা করে মানচিত্র।

অন্যদিকে স্কেল ব্যতীত নতুন একটি স্থানের প্রাথমিক ধারণা পেতে আঁকা ছবি স্কেচ হিসেবে পরিচিত।

91. The verb form of the word 'friend' is -

(ক) befriend
(খ) enfriend
(গ) friendship
(ঘ) friendly

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Friend (noun) অর্থ বন্ধু। এর verb form হলো befriend অর্থ বন্ধু হওয়া।

92. বাংলাদেশে বহমান কতগুলো নদীর উৎপত্তিস্থল বাংলাদেশের বাহিরে?

(ক) ৬৯
(খ) ৫৭
(গ) ৪৯
(ঘ) ১০৭

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
যৌথ নদী কমিশনের তথ্য অনুযায়ী, বাংলাদেশে মোট আন্তঃসীমান্ত নদী ৫৭টি, যার মধ্যে ৫৪টি নদী ভারত হতে বাংলাদেশে প্রবেশ করেছে। বাকি তিনটি নদীর (সাঙ্গু, মাতামুহুরী, নাফ) উৎপত্তি মিয়ানমারে।
উল্লেখ্য, জাতীয় নদী রক্ষা কমিশনের মতে, বাংলাদেশে নদ-নদীর সংখ্যা ১,৪১৫টি।

93. She won't dance in the party, _____?

(ক) will she
(খ) will not she
(গ) would she
(ঘ) wouldn't she

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: প্রদত্ত sentence-টি negative statement।

BCS PIONEER

সুতরাং এর tag question হবে এর positive। অর্থাৎ 'will she?' হবে সঠিক tag question.

94. রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র' কোন শ্রেণির রচনা?

(ক) কাব্য
(খ) পত্রসাহিত্য
(গ) প্রবন্ধ
(ঘ) উপন্যাস

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
'ছিন্নপত্র' (১৯১২) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত পত্রসাহিত্য বিলেতে থাকাকালীন ভাতিজি ইন্দিরা দেবী চৌধুরাণীকে (প্রমথ চৌধুরীর স্ত্রী) লেখা পত্রের সংকলন হলো এ গ্রন্থ।

১৫৩টি পত্রের সংকলনে এ গ্রন্থটি প্রকাশিত হয়। এ গ্রন্থে রবীন্দ্রনাথ শিলাইদহ, শাহজাদপুর, পতিসর, পদ্মা নদীর প্রকৃতি ও মানুষকে তুলে ধরেছেন, যেখানে বাংলাদেশই ছিন্নপত্রের প্রাণ। রবীন্দ্রনাথের আরও একটি পত্রসাহিত্য 'জাভাযাত্রীর পত্র' (১৯২৬)।

95. ভাষা আন্দোলন নিয়ে রচিত প্রথম নাটক কোনটি?

(ক) রক্তাক্ত প্রান্তর
(খ) কবর
(গ) পায়ের আওয়াজ পাওয়া যায়ঘ
(ঘ) সুবচন নির্বাসনে

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
'কবর' মুনীর চৌধুরী রচিত ভাষা আন্দোলনভিত্তিক প্রথম নাটক। তিনি মার্কিন নাট্যকার Irwin Shaw রচিত 'Bury the Dead' নাটকের অনুসরণে 'কবর' নাটকটি রচনা করেন। এ নাটকের উল্লেখযোগ্য চরিত্র: ইন্সপেক্টর হাফিজ ও মুর্দা ফকির। তার আরও কয়েকটি নাটক-
- রক্তাক্ত প্রান্তর, - চিঠি, - দণ্ডকারণ্য, - রূপার কৌটা।

96. বাংলাদেশের সাথে ভারতের কয়টি জেলার সীমানা রয়েছে?

(ক) ২০টি
(খ) ২৫টি
(গ) ৩৫টি
(ঘ) ৩২টি

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
বাংলাদেশের সাথে ভারতের সীমান্তবর্তী জেলা ৩২টি। এর মধ্যে, পশ্চিমবঙ্গে ১০টি, আসামে ৪টি, মেঘালয়ে ৭টি, ত্রিপুরায় ৮টি এবং মিজোরোমের ৩টি জেলা রয়েছে।

উল্লেখ্য, ভারতের সীমান্তবর্তী বাংলাদেশের জেলা ৩০টি।

97. $\log_{\sqrt{3}}81$ এর মান কত?

(ক) 8
(খ) 1
(গ) 4
(ঘ) 2

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: $\log_{\sqrt{3}}81$ এর মান কত? সমাধান: $\log_{\sqrt{3}}81 = \log_{\sqrt{3}}(\sqrt{3})^8$
$= 8$

BCS PIONEER

বিষয়/টপিক: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-এর মেডিকেল অফিসার

পরীক্ষার তারিখ: ২০-১১-২০২৫ ইং

মোট প্রশ্ন: 59 টি

1. I completed the exam and left the hall. What type of sentence is it?

(ক) Simple
(খ) Compound
(গ) Complex
(ঘ) Optative

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
প্রদত্ত sentence-এ দুটি principal clause-কে coordinating conjunction 'and' যুক্ত করেছে। তাই এটি compound sentence.

2. Translate into English -'এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি'

(ক) You will find such a country no where.
(খ) No where you will find such a country.
(গ) No where will you find such a country.
(ঘ) You will find a country like this no where.

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: 'এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি'-এর
সঠিক translation : No where will you find such a country.
Translation-টিতে inversion-এর নিয়ম অনুসরণ করা হয়েছে। যেখানে গুরুত্বারোপ অর্থে adverbial phrase 'No where' শুরুতে এবং subject-এর পূর্বে auxiliary verb (will) বসেছে।

3. Fill in the blank. 'You and I talked with Dr. Habib yesterday, _____?'

(ক) didn't you?
(খ) didn't I?
(গ) didn't we?
(ঘ) didn't they?

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
এখানে and দ্বারা একাধিক subject রয়েছে, অর্থাৎ plural form-এ আছে। যেহেতু । একটি subject এবং sentence-টি positive statement, তাই এর tag হবে negative-এ।
তাই 'didn't we?' সঠিক।

4. The verb form of 'necessity' is-

(ক) necessary
(খ) necessitate
(গ) necessitise
(ঘ) necessitati

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
Necessity (noun)-এর verb form necessitate (অপরিহার্য করে তোলা)।

5. What is the antonym of the word 'appropriate'?

(ক) Parallel
(খ) Synonymous
(গ) Hostile
(ঘ) Inappropriate

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
Appropriate অর্থ যথার্থ, সঠিক। অপশনে প্রদত্ত শব্দসমূহের মধ্যে এর সঠিক antonym হচ্ছে inappropriate (অশুদ্ধ, অনুপযুক্ত)।
অন্যদিকে,

- Parallel- সমান্তরাল,
- Synonymous-সমার্থক এবং
- Hostile শত্রুভাবাপন্ন।

6. Name the type of errors happens in the sentence- The bride and the groom bear the same identical retina colour.

(ক) Wrong parallelism
(খ) Redundancy
(গ) Wrong verb
(ঘ) Parallel

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
Same এবং identical উভয় শব্দেরই অর্থ- অভিন্ন। একই sentence-এ same এবং identical পাশাপাশি ব্যবহার করায় এখানে redundancy তথা বাহুল্য দোষজনিত ভুল হয়েছে।

7. _____ is not a synonym of hardworking.

BCS PIONEER

(ক) Careful (খ) Thorough

(গ) Meticulous (ঘ) Objective

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
Hardworking- পরিশ্রমী। এর Synonym হিসেবে careful (সতর্ক, মনযোগী), thorough (সম্পূর্ণ, খুঁটিনাটি) meticulous (যত্নের সাথে) তিনটিই গ্রহণযোগ্য হলেও objective (লক্ষ্য, উদ্দেশ্য) hardworking-এর synonym নয়।

8. What is proper noun?

(ক) an action (খ) general items

(গ) an idea (ঘ) specific items

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
কোনোকিছুর নির্দিষ্ট নামকেই proper noun বলে। অর্থাৎ specific items.
যেমন: Dhaka, Bangladesh, Rahim ইত্যাদি।

9. রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা সর্বশেষ গল্প কোনটি?

(ক) শান্তি (খ) পোস্টমাস্টার

(গ) মুসলমানীর গল্প (ঘ) সমাপ্তি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
বাংলা সাহিত্যের ছোটগল্পের জনক রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত ছোটগল্প- ভিখারিনী।
- ১২৮৪ বঙ্গাব্দে মাত্র ষোলো বছর বয়সে এ গল্প রচনার মাধ্যমে ছোটগল্প লেখক হিসেবে তার আত্মপ্রকাশ ঘটে।
- তার রচিত বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্প-দেনা পাওনা।
- তার রচিত *সর্বশেষ ছোটগল্প মুসলমানীর গল্প*।

10. কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থ কোনটি?

(ক) বাঁধন হারা (খ) রিক্তের বেদন

(গ) মৃত্যু-ক্ষুধা (ঘ) কুহেলিকা

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
কাজী নজরুল ইসলাম রচিত তিনটি গল্পগ্রন্থ হলো- ব্যথার দান, রিক্তের বেদন ও শিউলিমালা।
- অন্যদিকে বাঁধনহারা, মৃত্যুক্ষুধা ও কুহেলিকা তার রচিত উপন্যাস।

11. 'মর্সিয়া' শব্দের অর্থ কী?

(ক) শোক বা আহাজারি (খ) শোককাব্য

(গ) বেদনা মিশ্রিত কাব্য (ঘ) দুঃখ

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
'মর্সিয়া' শব্দটি ফারসি শব্দ; যার অর্থ শোক বা আহাজারি, মৃত্যু উপলক্ষে রচিত শোকগাথা। মূলত কারবালার যুদ্ধের কাহিনি অবলম্বনে রচিত শোকগাথাকে মর্সিয়া সাহিত্য বলে।
- মর্সিয়া সাহিত্যের আদি কবি শেখ ফয়জুল্লাহ।

12. বাংলা গদ্যে প্রথম বিরতিচিহ্ন ব্যবহারের কৃতিত্ব কার?

(ক) অক্ষয় কুমার (খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

(গ) চন্ডীচরণ মুনশী (ঘ) কালীপ্রসন্ন সিংহ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বাংলা গদ্যে প্রথম বিরতিচিহ্ন বা যতিচিহ্নের প্রচলন করেন বাংলা গদ্যের জনক *ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।*
- তার প্রথম প্রকাশিত গ্রন্থ 'বেতালপঞ্চবিংশতি'তে (১৮৪৭)
- তিনি প্রথম যতিচিহ্নের ব্যবহার করেন।

13. 'খনার বচন'-এর মূলভাব কী?

(ক) সামাজিক মঙ্গলবোধ (খ) শুদ্ধ জীবনযাপন রীতি

(গ) রাষ্ট্র পরিচালনা নীতি (ঘ) লৌকিক প্রণয় সঙ্গীত

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বিখ্যাত বাঙালি মহিলা জ্যোতিষী খনা রচিত 'খনার বচন' মূলত কৃষিভিত্তিক ছড়া। জ্যোতিষশাস্ত্র অনুযায়ী চাষাবাদ, বৃক্ষরোপণ, গৃহনির্মাণ ইতাদি জীবনঘনিষ্ঠ বিষয় নিয়ে খনার বচন রচিত। অজস্র খনার বচন যুগ যুগ ধরে গ্রামবাংলার জনজীবনের সাথে মিশে আছে।

14. নবান্ন নাটক লিখেছেন-

(ক) অমৃতলাল বসু (খ) নূরুল মোমেন

(গ) সাঈদ আহমদ (ঘ) বিজন ভট্টাচার্য

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
নাট্যকার ও অভিনেতা বিজন ভট্টাচার্য রচিত নাটক 'নবান্ন' (১৯৪৪)।

BCS PIONEER

- পঞ্চাশের মন্বন্তরের পটভূমিকায় গ্রাম বাংলার কৃষক সমাজের দুঃখ-দুর্দশা এবং তাদের সংগ্রামের ব্যর্থতা ও সফলতা 'নবান্ন' নাটকের উপজীব্য।

- এছাড়া তার রচিত আরেকটি নাটক হলো 'জবানবন্দী' (১৯৪৩)।

15. 'আমূল' শব্দের ব্যাসবাক্য কোনটি?

(ক) নয় মূল
(খ) মূল থেকে
(গ) মূল পর্যন্ত
(ঘ) ন মূল

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: মূল পর্যন্ত- আমূল (অব্যয়ীভাব সমাসের উদাহরণ)।

- পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে।

- আরও উদাহরণ:

- পা থেকে মাথা পর্যন্ত - আপাদমস্তক,
- কণ্ঠের সমীপে - উপকণ্ঠ,
- দিন দিন - প্রতিদিন ইত্যাদি।

16. 'চর্যাপদ' যে বাংলা ভাষায় রচিত এটি প্রথম কে প্রমাণ করেন?

(ক) ড. মুহাম্মদ শহীদুল্লাহ্
(খ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
(গ) হরপ্রসাদ শাস্ত্রী
(ঘ) ড. এনামুল হক

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বাংলা সাহিত্যের আদি নিদর্শন চর্যাপদ। চর্যাপদের ভাষা যে বাংলা এটি প্রমাণ করেন ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়। তার মতে, চর্যাপদের রচনাকাল ৯৫০ ১২০০ খ্রিষ্টাব্দ।

- চর্যাপদের আবিষ্কারক ড. হরপ্রসাদ শাস্ত্রী চর্যাপদের ভাষাকে 'সন্ধ্যাভাষা' বা 'সান্ধ্যভাষা' বলেছেন।

- ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, চর্যাপদের ভাষা হলো-বঙ্গকামরূপী।

17. 'ইউসুফ জোলেখা' প্রণয়-কাব্য অনুবাদ করেছেন-

(ক) দৌলত কাজী
(খ) আলাওল
(গ) মাগন ঠাকুর
(ঘ) শাহ মুহাম্মদ সগীর

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
বাংলা সাহিত্যের প্রথম মুসলমান কবি শাহ মুহম্মদ সগীর রচিত বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রণয়োপাখ্যান 'ইউসুফ জোলেখা'।

- এটি ফারসি সাহিত্যের বিখ্যাত কবি আবদুর রহমান জামি রচিত 'ইউসুফ জোলেখা' থেকে অনূদিত।

- তিনি সুলতান গিয়াসউদ্দিন আজম শাহের সভাকবি ছিলেন।

18. কোনটি শুদ্ধ?

(ক) কর্শণ
(খ) কিষাণ
(গ) যুধিষ্ঠির
(ঘ) অভিলাস

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: ⇨ 'কর্শণ' অশুদ্ধ বানান। শুদ্ধ রূপ- কর্ষণ।

⇨ কিষাণ বানানটি অশুদ্ধ। এর শুদ্ধরূপ কিষান।

⇨ 'অভিলাস' বানানটিও অশুদ্ধ। এর শুদ্ধরূপ - অভিলাষ।

অপরদিকে, 'যুধিষ্ঠির' বানানটি শুদ্ধ।

19. মীর মশাররফ হোসেন লিখিত নিচের রচনাগুলোর মধ্যে কোনটি নাটক?

(ক) রত্নবর্তী
(খ) উদাসীন পথিকের মনের কথা
(গ) জমীদার দর্পণ
(ঘ) বিষাদ সিন্ধু

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
মীর মশাররফ হোসেন রচিত নাটক হলো '*জমীদার দর্পণ' (১৮৭৩)*।

- ১৮৭২-৭৩ সালে সিরাজগঞ্জে ঘটিত কৃষকবিদ্রোহের পটভূমিকায় এটি রচিত।

- এছাড়া বসন্তকুমারী, বেহুলা গীতাভিনয়, টালা অভিনয় তার রচিত নাটক।

- অন্যদিকে রত্নবর্তী, উদাসীন পথিকের মনের কথা, বিষাদ সিন্ধু তার রচিত উপন্যাস।

20. 'খেউর গাওয়া' বাগধারাটির অর্থ কী?

(ক) গালাগালি করা
(খ) প্রলাপ বকা
(গ) এক ধরনের গান
(ঘ) প্রশংসা করা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 'খেউর গাওয়া' বাগধারাটির অর্থ 'গালাগালি করা'।

অন্যদিকে 'প্রলাপ বকা' অর্থে বাগধারা 'আগড়ম বাগড়ম করা'।

21. 'ঢেউ' শব্দের সমার্থক কোনটি?

(ক) প্রবাহ
(খ) গর্জন
(গ) লহরি
(ঘ) উৎক্ষেপ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
'ঢেউ'-এর সমার্থক শব্দ: লহরি, তরঙ্গ, উর্মি, বীচি, কল্লোল, হিল্লোল, মহোর্মি ইত্যাদি।

BCS PIONEER

22. 'গণনার যোগ্য নয় যা'- এককথায় কী বলে?

(ক) অগণ্য
(খ) নগণ্য
(গ) অপরিমিত
(ঘ) অসংখ্য

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: গণনার যোগ্য নয় যা - নগণ্য।
আরও কয়েকটি এককথায় প্রকাশ:

- গমন করতে পারে যে- জঙ্গম;
- গমন করে না যে - নগ;
- গোপন করতে ইচ্ছুক - জুগুলু ইত্যাদি।

23. বাক্যে এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে কী বলে?

(ক) আসত্তি
(খ) যোগ্যতা
(গ) আকাঙ্ক্ষা
(ঘ) ইচ্ছা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: ভাষার বিচারে বাক্যের তিনটি গুণ থাকে। যথা: (i) আকাঙ্ক্ষা, (ii) আসত্তি ও (iii) যোগ্যতা।
বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তাই আকাঙ্ক্ষা।

24. কোন বাক্যটি শুদ্ধ?

(ক) তার জীবন সংশয়পূর্ণ
(খ) তার জীবন সংশয়ময়
(গ) তার জীবন সংশয়াপূর্ণ
(ঘ) তার জীবন সংশয়ভরা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
সঠিক বাক্যটি হলো- তার জীবন সংশয়াপূর্ণ। সংশয় শব্দটি বিশেষ্য পদ; যার বিশেষণ হলো সংশয়াপূর্ণ। এর অর্থ সন্দেহপূর্ণ বা দ্বিধাপূর্ণ।

25. 'অপ' কী ধরনের উপসর্গ?

(ক) সংস্কৃত
(খ) বিদেশি
(গ) বাংলা
(ঘ) মিশ্র

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: 'অপ' একটি সংস্কৃত বা তৎসম উপসর্গ। এর বিভিন্ন ব্যবহার -

- বিপরীত অর্থে - অপমান, অপকার;
- নিকৃষ্ট অর্থে - অপসংস্কৃতি, অপকর্ম;
- বিকৃত অর্থে - অপমৃত্যু ইত্যাদি।

26. স্বরবর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি?

(ক) ৪টি
(খ) ৩টি
(গ) ২টি
(ঘ) ৬টি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
বাংলা বর্ণমালায় স্বরবর্ণ ৪টি ও ব্যঞ্জনবর্ণ ৬টি, মোট ১০টি মাত্রাহীন বর্ণ আছে।
- এ, ঐ, ও এবং ঔ এই চারটি মাত্রাহীন স্বরবর্ণ।

27. 'কটাক্ষ' শব্দের সন্ধি বিচ্ছেদ-

(ক) কট্ + অক্ষ
(খ) কটা + অক্ষ
(গ) কটু + অক্ষ
(ঘ) কট + ক্ষ

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়।
আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন:

- কট্ + অক্ষ = কটাক্ষ,
- নর + অধম = নরাধম,
- হিম + আলয় = হিমালয় ইত্যাদি।

28. মাইকেল মধুসূদন দত্তের নাটক কোনটি?

(ক) শকুন্তলা
(খ) শর্মিষ্ঠা
(গ) ভদ্রার্জুন
(ঘ) রাবণ বধ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: মাইকেল মধুসূদন দত্তের শর্মিষ্ঠা (১৮৫৮)
- বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক।
- পদ্মাবতী, কৃষ্ণকুমারী, মায়াকানন তার রচিত আরও কয়েকটি নাটক।
অন্যদিকে, - শকুন্তলা- ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর;
- ভদ্রার্জুন- তারাচরণ শিকদার এবং
- রাবণ বধ - গিরিশচন্দ্র ঘোষ রচিত নাটক।

29. "এল নিনো এবং লা নিনা" শব্দ দুটি কোন ভাষা থেকে এসেছে?

(ক) আরবি
(খ) ইংরেজি
(গ) স্প্যানিশ
(ঘ) ফ্রেঞ্চ

BCS PIONEER

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
'এল নিনো' অর্থ 'ছোট বালক' এবং 'লা নিনা' অর্থ ছোট বালিকা। শব্দ দুটি স্প্যানিশ ভাষা থেকে এসেছে। ডেঙ্গু, প্লাটিনাম ইত্যাদি আরও কয়েকটি স্প্যানিশ শব্দ।

30. Which words "above" is a noun?

(ক) The heavens are above.

(খ) The bird is flying above the field.

(গ) Read the sentence given above.

(ঘ) Blessing comes from above.

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: 'The heavens are above'-এ sentence-এ above হচ্ছে adverb.
The bird is flying above the field. -এই sentence-এ above হচ্ছে preposition.
'Read the sentence given above'-এই বাক্যে above হচ্ছে adverb.
কেবল, 'Belessing comes from above' sentence-এ above হচ্ছে noun. কেননা এটি একটি উৎসের নাম বুঝিয়েছে যে, আশীর্বাদ ঈশ্বর থেকে আসে।

31. Fill up the blank: I waited for my friend until he _____.

(ক) have come (খ) came

(গ) had come (ঘ) has come

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
Until-এর আগে sequence of tense অনুযায়ী একই tense হয়। এখানে until-এর আগে past indefinite থাকায় পরেও past indefinite অর্থাৎ came সঠিক উত্তর।

32. Usually a gerund becomes a verbal noun when-

(ক) It is preceded by "the" and followed by "of"

(খ) It is preceded by "of" and followed by "the"

(গ) It is preceded by an object

(ঘ) It is preceded by an Subject

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Verbal noun সাধারণত The + gerund + of দ্বারা গঠিত হয়। অর্থাৎ অপশন (ক) সঠিক উত্তর।

33. Identify the tone of the speaker in the following sentence. "You are a terrible liar"

(ক) Aggressive tone (খ) Assertive tone

(গ) tone of Triumphant (ঘ) tone of amazement

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
এখানে "You are a terrible liar" বাক্যটি দ্বারা কাউকে তীব্র অপমান বা তিরস্কার করা হয়েছে। তাই এটি aggressive tone বা আক্রমণাত্মক অথবা রাগান্বিত স্বর।

34. In which of the sentences, the gerund is the object of the verb?

(ক) I love eating Apples.

(খ) Cleaning is his favourite pastime

(গ) Eating is his hobby.

(ঘ) Rani was tired of working.

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
প্রদত্ত অপশনসমূহের মধ্যে I love eating apples-এ gerund (eating) verb-এর object হিসেবে ব্যবহৃত হয়েছে।
অন্য অপশনগুলোতে gerund-সমূহ verb-এর subject.

35. What is the single word for 'A hater of mankind'?

(ক) Philanthropist (খ) Misanthropist

(গ) Humanitarian (ঘ) Misogynist

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
মানবতাকে ঘৃণা করা অর্থাৎ মানববিদ্বেষীদের বলা হয় Misanthropist.

36. Fill up the blank: 'Neither of the boys _____ ready to go.'?

(ক) are (খ) am

(গ) is (ঘ) was

PCS PIONEER

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Neither of-এর পর plural noun ও verb singular হয়। তাই এখানে বাক্যটি Present form এ থাকায় is সঠিক।

37. Choose the correct statement.

(ক) The boy gave his examination.

(খ) The boy took his examination.

(গ) The teacher took him examination.

(ঘ) The boy gave of his examination.

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: পরীক্ষা দেওয়া অর্থে take examination হয়।

38. Identify the gender of the noun "darling"

(ক) Masculine (খ) Feminine

(গ) Common (ঘ) Neuter

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
Darling (প্রিয়, পছন্দের মানুষ) common gender. এটি নারী-পুরুষ উভয়কেই বোঝায়।

39. Which is the correct sentence?

(ক) Let he and I go (খ) Let I and he go.

(গ) Let me and him go. (ঘ) Let him and me go.

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
Let একটি verb, Let এর পরে সাধারণত pronoun এর objective form বসে।
এক্ষেত্রে, একাধিক objective form থাকলে সব ক্ষেত্রে প্রথমে 2nd person তারপর, 1st person, তারপর 3rd person (231) বসে।
তাই, correct answer টি হবে - Let him and me go.

40. Identify the part of speech of the underlined word in the following sentence: 'Tourist spots of <u>southwestern</u> Bangladesh like Kuakata and Sundarbans are now easily reachable from Dhaka'

(ক) Noun (খ) Adjective

(গ) Adverb (ঘ) Verb

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
এখানে “southwestern” শব্দটি “Bangladesh” noun কে modify করছে। আমরা এর মাধ্যমে বুঝতে পারি যে বাংলাদেশ এর কোন অঞ্চল বোঝানো হচ্ছে—দক্ষিণ-পশ্চিমে অবস্থিত অঞ্চল।
- তাই, এই বাক্যে 'southwestern' শব্দটি Adjective.

41. মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা কয়টি?

(ক) ২টি (খ) ৩টি

(গ) ৪টি (ঘ) ৫টি

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: বাংলাদেশের সাথে ২টি দেশের আন্তর্জাতিক সীমান্ত রয়েছে।
তার মধ্যে - একটি ভারত এবং অপরটি মিয়ানমার।
মিয়ানমারের সাথে সীমান্তবর্তী জেলা- ৩টি। মিয়ানমারের সাথে সীমান্ত থাকা জেলাগুলো হলো - কক্সবাজার, রাঙামাটি ও বান্দরবান।

42. কোন দেশের জাতীয় পতাকা কখনই অর্ধনমিত করা হয় না?

(ক) ইরান (খ) যুক্তরাষ্ট্র

(গ) ইরাক (ঘ) সৌদি আরব

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
সৌদি আরবের জাতীয় পতাকা কখনোই অর্ধনমিত (Half-mast) করা হয় না, এমনকি রাষ্ট্রীয় শোকেও না। এর প্রধান কারণ পতাকায় পবিত্র কালেমা (লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসুলুল্লাহ) এবং তলোয়ারের চিহ্ন থাকা।
- এই পবিত্র লেখা নিচে নামানো বা অর্ধনমিত করা ইসলামের দৃষ্টিতে অসম্মানজনক ও নিষিদ্ধ বলে মনে করা হয়।
- এছাড়া আফগানিস্তান ও সোমালিল্যান্ডের পতাকায় পবিত্র লেখা থাকায় সেগুলোও অর্ধনমিত করা হয় না

43. জাতিসংঘ সাধারণ পরিষদে কতটি দেশ স্বাধীন ফিলিস্তিনের পক্ষে ভোট দেয়?

(ক) ৯ (খ) ২৫

(গ) ১৪৩ (ঘ) ১৫৭

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
জাতিসংঘের ১৯৩টি সদস্য রাষ্ট্রের মধ্যে ১৫৭টি রাষ্ট্র ফিলিস্তিনকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিয়েছে, যা আন্তর্জাতিক সম্প্রদায়ের ৮১ শতাংশের প্রতিনিধিত্ব করে।

BCS PIONEER

44. সংবিধানের কোন অনুচ্ছেদে নির্বাচন কমিশনের দায়িত্ব উল্লেখ আছে?

(ক) ১১৮ (খ) ১১৯

(গ) ১২১ (ঘ) ১২৩

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৯ নং অনুচ্ছেদে নির্বাচন কমিশনের দায়িত্ব সম্পর্কে উল্লেখ আছে।

- উক্ত অনুচ্ছেদ অনুযায়ী নির্বাচন কমিশনের দায়িত্ব হলো প্রধানত রাষ্ট্রপতি নির্বাচন, সংসদ নির্বাচন, নির্বাচনি এলাকার সীমানা নির্ধারণ এবং ভোটার তালিকা প্রস্তুত করা।

- এছাড়া সংবিধানের ১১৮ নং অনুচ্ছেদে নির্বাচন কমিশন প্রতিষ্ঠা,

- ১২১ নং অনুচ্ছেদে প্রতি এলাকার জন্য একটি মাত্র ভোটার তালিকা এবং

- ১২৩ নং অনুচ্ছেদে নির্বাচন অনুষ্ঠানের সময় সম্পর্কিত বিধান বর্ণিত হয়েছে।

45. বর্তমান মেট্রোরেলের চলমান লাইনের নাম কী?

(ক) লাইন-১ (খ) লাইন-২

(গ) লাইন-৪ (ঘ) লাইন-৬

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
বর্তমানে মেট্রোরেলের চলমান লাইনের নাম ম্যাস র‍্যাপিড ট্রানজিট লাইন-৬ (MRT Line-6)। এই লাইনটি ঢাকার উত্তরা থেকে কমলাপুর পর্যন্ত বিস্তৃত, যার দৈর্ঘ্য ২১.২৬ কিমি। তবে চালুকৃত উত্তরা-মতিঝিল লাইনের দৈর্ঘ্য ২০.১০ কিমি। মেট্রোরেলের নির্মাণ কাজ উদ্বোধন করা হয় ২৬ জুন ২০১৬।

46. প্রাচীন 'চন্দ্রদ্বীপ' এর বর্তমান নাম কী?

(ক) নোয়াখালী (খ) বরিশাল

(গ) ভোলা (ঘ) নারায়ণগঞ্জ

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
সুপ্রাচীনকালে বর্তমান বৃহত্তর বরিশাল অঞ্চল 'চন্দ্রদ্বীপ' নামে পরিচিত ছিল। বিভিন্ন ইতিহাসবিদ তাদের রচিত গ্রন্থে চন্দ্রদ্বীপ নামকরণ সম্পর্কে ভিন্ন ভিন্ন অভিমত ব্যক্ত করেন।

যেমন: প্রাকৃতিক কারণে এ অঞ্চল চন্দ্রকলার মতো হ্রাস-বৃদ্ধি ঘটতো অথবা চাঁদের মতো আকৃতি ছিল বলে এর নাম হয় চন্দ্রদ্বীপ।

স্থানীয় কিংবদন্তি অনুসারে চন্দ্রদ্বীপের কায়স্থ বসুবংশীয় জমিদারগণের আদিপুরুষ দনুজমর্দন দেব, চন্দ্রশেখর চন্দ্রবতীর কৃপায় রাজ্য লাভ করেন এবং ব্রাহ্মণের নামেই রাজ্যের নামকরণ করেন চন্দ্রদ্বীপ।

47. Environmental Refugee কারা?

(ক) ঘূর্ণিঝড়ের কারণে নিজ বাস্তুভিটা ছেড়ে অন্য অঞ্চলে চলে যাওয়া

(খ) বন্যার কারণে নিজ বাড়িঘর ছেড়ে অন্য অঞ্চলে চলে যাওয়া

(গ) জলবায়ুর পরিবর্তনের প্রভাবে নিজ এলাকা ছেড়ে অন্য অঞ্চলে চলে যাওয়া

(ঘ) নদী ভাঙ্গনের ফলে ছেড়ে অন্য অঞ্চলে চলে যাওয়া

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
জাতিসংঘের পরিবেশ কর্মসূচি (UNEP)-এর বিশেষজ্ঞ Essam EL-Hinnanwi এর মতে, Environmental Refugee বা পরিবেশগত শরণার্থী হলো সেইসব ব্যক্তি বা জনসমষ্টি যারা পরিবেশগত বিপর্যয় (প্রাকৃতিক ও মানবসৃষ্ট)-এর কারণে নিজেদের ঐতিহ্যবাহী বাসস্থান সাময়িক বা স্থায়ীভাবে ত্যাগ করতে বাধ্য হয়।

48. কোন দেশের সাথে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি সবচেয়ে বেশি?

(ক) ভারত (খ) চীন

(গ) যুক্তরাজ্য (ঘ) যুক্তরাষ্ট্র

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
বর্তমানে বাংলাদেশের বাণিজ্য ঘাটতি সবচেয়ে বেশি চীনের সাথে।

- বাংলাদেশ ব্যাংক এবং রপ্তানি উন্নয়ন ব্যুরোর তথ্যমতে, ২০২৪-২৫ অর্থবছরে চীন থেকে পণ্য আমদানি বাবদ বাংলাদেশের ব্যয় হয় ২০,৫২২ মিলিয়ন মার্কিন ডলার।

- ফলে বাণিজ্য ঘাটতি দাঁড়ায় ১৯,৮২৭.৫ মিলিয়ন ডলার।

অন্যদিকে, ভারতের সাথে বাংলাদেশের আমদানি ও রপ্তানির পরিমাণ যথাক্রমে ৯,৬৯৩ ও ১,৭৬৪.২ মিলিয়ন মার্কিন ডলার। অর্থাৎ, বাণিজ্য ঘাটতি ৭,৯২৮.৮ মিলিয়ন মার্কিন ডলার।

49. টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা কয়টি?

(ক) ১৭ (খ) ১৮

(গ) ১৫ (ঘ) ১৯

সঠিক উত্তর: a

50. বাংলাদেশে বর্তমানে কত প্রকারের স্থানীয় সরকার প্রতিষ্ঠান আছে?

(ক) ৩ (খ) ৪

(গ) ৫ (ঘ) ৬

BCS PIONEER

সঠিক উত্তর: d

51. কাঁটাতারের বেড়া থেকে শূন্য পয়েন্ট কত পর্যন্ত কত মিটার জায়গা 'No-Man's-Land' হিসেবে চিহ্নিত?

(ক) ১৫৮ মিটার
(খ) ১৫০ মিটার
(গ) ১৪৩ মিটার
(ঘ) ১৩৯ মিটার

সঠিক উত্তর: b

52. বাংলাদেশ সর্বাধিক জনশক্তি রপ্তানি করে কোন দেশে?

(ক) কুয়েত
(খ) আলজেরিয়া
(গ) সংযুক্তি আরব আমিরাত
(ঘ) সৌদি আরব

সঠিক উত্তর: d

53. পঞ্চবার্ষিক পরিকল্পনা করে কোন সংস্থা?

(ক) অর্থ বিভাগ
(খ) পরিকল্পনা কমিশন
(গ) জাতীয় রাজস্ব বোর্ড
(ঘ) প্রধানমন্ত্রীর কার্যালয়

সঠিক উত্তর: b

54. বাংলাদেশের রাষ্ট্রপতির পদ শূন্য হলে কে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন?

(ক) প্রধানমন্ত্রী
(খ) প্রধান বিচারপতি
(গ) চিফ হুইপ
(ঘ) স্পিকার

সঠিক উত্তর: d

55. BIMSTEC -এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

(ক) দিল্লী
(খ) ঢাকা
(গ) কলম্বো
(ঘ) বেইজিং

সঠিক উত্তর: b

56. ২০২৬-২০২৭ অর্থবছরে জুলাই করমুক্ত আয়-সীমা কত?

(ক) ৫,২৫,০০০/-
(খ) ৩,৫০,০০০/-
(গ) ৪,৫০,০০০/-
(ঘ) ৬,২৫,০০০/-

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
সরকার 'জুলাই যোদ্ধা' নামে ব্যক্তি পর্যায়ে আয়করের নতুন ক্যাটাগরি চালু করেছে। এর আওতায় ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরে এই ক্যাটাগরিতে করমুক্ত আয়সীমা ৫ লাখ ২৫ হাজার টাকা করার প্রস্তাব দিয়েছেন অর্থ উপদেষ্টা।

57. জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর কোন মন্ত্রণালয়ের অধীনে?

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়
(খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(গ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
(ঘ) সমাজকল্যাণ মন্ত্রণালয়

সঠিক উত্তর: c

58. বাংলাদেশের সবচেয়ে বড় উন্নয়ন অংশীদার কোন দেশ?

(ক) ভারত
(খ) চীন
(গ) জাপান
(ঘ) আমেরিকা

সঠিক উত্তর: c

59. জাতীয় ঐকমত্য কমিশনের সভাপতি কে?

(ক) প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস
(খ) আব্দুল মুমিন চৌধুরী
(গ) অধ্যাপক আলী রিয়াজ
(ঘ) ড. বদিউল আলম মজুমদার

সঠিক উত্তর: a

BCS PIONEER

বিষয়/টপিক: সাধারণ পুলের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়-বিভাগ-এর প্রশাসনিক কর্মকর্তা (১৯-১১-২০২৫ইং)

মোট প্রশ্ন: 93 টি

1. 'Let me go'. Change the voice of the given sentence into passive.

(ক) gone be with me
(খ) my leaving is allowed
(গ) let me be allowed to go
(ঘ) allow me to go

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
"Let me go" একটি imperative sentence, যা অনুমতি বা অনুরোধ বোঝায়। এখানে "let" অনুমতির অর্থ প্রকাশ করছে।
এটিকে passive voice-এ পরিবর্তন করতে হলে নিচের গঠনটি ব্যবহার করতে হয়:
☞ *Let + object + verb → Let + object + be + past participle*
নিয়ম অনুযায়ী:
Let me go
= Let me be allowed to go
এখানে "go" ক্রিয়াটির সরাসরি passive form নেই, তাই অর্থ বজায় রাখতে "allowed" ব্যবহার করা হয়েছে।

2. যদি (2x + y, 3) = (6, x - y) হয়, তাহলে (x, y) = কত?

(ক) (3, 0)
(খ) (2, 3)
(গ) (6, 0)
(ঘ) (0, 3)

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: দেওয়া আছে, (2x + y, 3) = (6, x - y)
ক্রমজোড়ের শর্তমতে, 2x + y = 6 ..... (i) x - y = 3 ..... (ii)
সমীকরণ (i) ও (ii) যোগ করে পাই, 2x + y + x - y = 6 + 3
বা, 3x = 9 বা, x = 9/3 বা, x = 3
এখন, (ii) নং সমীকরণে x এর মান বসিয়ে পাই, 3 - y = 3
বা, 3 - 3 = y বা, y = 0 অতএব, (x, y) = (3, 0)

3. কোনটি বাংলা ভাষার শব্দ?

(ক) আনারস
(খ) খোঁপা
(গ) কাগজ
(ঘ) উকিল

সঠিক উত্তর: b

4. The word 'choir' means-

(ক) a group of singers
(খ) a group of students
(গ) a group of players
(ঘ) a group of farmers

সঠিক উত্তর: a

5. যদি একটি বর্গের বাহুগুলো ২০% বাড়ানো হয়, তাহলে এর ক্ষেত্রফল কত শতাংশ বৃদ্ধি পাবে?

(ক) ২০%
(খ) 88%
(গ) ২১%
(ঘ) ৪০%

সঠিক উত্তর: b

6. মাতৃভাষা অনুসারে বিশ্বের শীর্ষ ভাষা কোনটি?

(ক) ম্যান্ডারিন
(খ) স্প্যানিশ
(গ) ইংলিশ
(ঘ) হিন্দি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Ethnologue ২০২৫-এর রিপোর্ট অনুযায়ী, বিশ্বে মোট ভাষার সংখ্যা ৭,১৫৯টি। মাতৃভাষা অনুসারে বিশ্বের শীর্ষ ভাষা ম্যান্ডারিন (১২০০ মিলিয়ন)। অন্যদিকে, বিশ্বব্যাপী ভাষা ব্যবহারে শীর্ষে রয়েছে ইংরেজি ভাষা (১৫০০ মিলিয়ন)।

7. কমা (Comma) এর বাংলা কী?

(ক) অর্ধছেদ
(খ) দৃষ্টান্তছেদ
(গ) পাদচ্ছেদ
(ঘ) পূর্ণচ্ছেদ

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
কমা'র বাংলা 'পাদচ্ছেদ'। বাংলা ভাষায় যে বিরামচিহ্নগুলো বেশি ব্যবহৃত হয় তার মধ্যে কমা অন্যতম প্রধান।
- ১ (এক) বলতে যেটুকু সময় প্রয়োজন তা হচ্ছে কমা'র বিরতিকাল।
- বাক্যে কমা'র বিভিন্ন ব্যবহার আছে। বাক্যের সুস্পষ্টতা দেখাতে স্বল্প বিরতির জন্য কমা বসে। যেমন- সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।
- সম্বোধনের পরে কমা বসে। যেমন- কামাল, এদিকে এসো ইত্যাদি।
অন্যদিকে, সেমিকোলন-এর বাংলা অর্ধচ্ছেদ।

BCS PIONEER

8. লিঙ্গান্তর হয় না কোন শব্দটির?

(ক) ডাক্তার (খ) ধোপা

(গ) কেরানি (ঘ) নাপিত

সঠিক উত্তর: c

9. কাজী নজরুল ইসলামের সাহিত্য-জীবনের সূচনা ঘটে-

(ক) লেটোর দলে (খ) সেনাবাহিনীতে

(গ) রুটির দোকানে (ঘ) কারাগারে

সঠিক উত্তর: a

10. Use a Suitable preposition in the gap: Shamima went _____ hunting.

(ক) a (খ) upon

(গ) on (ঘ) of

সঠিক উত্তর: a

11. নিচের কোনটি মৌলিক শব্দ?

(ক) ছুটি (খ) কাব্য

(গ) দ্বীপ (ঘ) মেঘ

সঠিক উত্তর: a
ব্যাখ্যা: মৌলিক শব্দ:

যে শব্দকে আর কোনোভাবে ভাঙা বা বিশ্লেষণ করা যায় না তাকে মৌলিক শব্দ বলে।

যেমন- ছুটি, মা, লাল, নাক, পা, গোলাপ, তিন ইত্যাদি।

- অন্যদিকে কাব্য, দ্বীপ ও মেঘ সাধিত শব্দ।

12. Fill in the blank with a preposition: The metro rail is running _____ time.

(ক) in (খ) for

(গ) on (ঘ) at

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
ইংরেজিতে নির্দিষ্ট কিছু expression আছে যেখানে preposition স্থির থাকে। সময়ানুবর্তিতা বোঝাতে “on time” একটি বহুল ব্যবহৃত phrase, যার অর্থ নির্ধারিত সময় অনুযায়ী। এখানে preposition পরিবর্তন করলে অর্থ বা গঠন উভয়ই ভুল হয়ে যায়।

সঠিক উত্তর on. “On time” মানে ঠিক সময়মতো, অর্থাৎ নির্ধারিত সময় অনুসারে।

- Fixed expression: on time
- সময়ানুবর্তিতা বোঝায়
- নির্ধারিত সূচি অনুযায়ী
- Public transport প্রসঙ্গে প্রচলিত
- “In time” থেকে অর্থ ভিন্ন
- বাক্য গঠন সম্পূর্ণ সঠিক

in: “In time” মানে দেরি হওয়ার আগে, অর্থাৎ সময়ের মধ্যে। এটি “on time”–এর সমার্থক নয়।

for: “For time” এভাবে ব্যবহৃত হয় না। সময়ের উদ্দেশ্য বোঝাতে “for” ব্যবহৃত হলেও এখানে তা প্রযোজ্য নয়।

at: “At time” গঠনটি ভুল। নির্দিষ্ট সময় বোঝাতে “at 5 pm” বলা হয়, কিন্তু এখানে phrase আলাদা।

সাধারণ ভুল: অনেকে “in time” বসায়, কিন্তু “on time” মানে ঠিক সময়মতো; “in time” মানে সময়ের আগে।

13. কোনটি মাতৃপ্রধান উপজাতি?

(ক) চাকমা (খ) খুমি

(গ) খাসিয়া (ঘ) মারমা

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
বাংলাদেশের ৫০টি উপজাতির মধ্যে মাতৃতান্ত্রিক উপজাতি ২টি।

যথা- গারো ও খাসিয়া।

খাসিয়ারা বাংলাদেশের সিলেট বিভাগে তথা সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলায় বাস করে। তারা মঙ্গোলীয় বংশোদ্ভূত। উল্লেখ্য, খাসিয়াদের গ্রামকে পুঞ্জি বলা হয়। আর পুঞ্জি প্রধানকে বলা হয় সিয়েম।

14. 'উদাসীন পথিকের মনের কথা' কোন জাতীয় রচনা?

(ক) নাটক (খ) কাব্য

(গ) প্রহসন (ঘ) আত্মজৈবনিক উপন্যাস

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: মীর মশাররফ হোসেন:

'উদাসীন পথিকের মনের কথা' (১৮৯০) মীর মশাররফ হোসেন রচিত আত্মজৈবনিক উপন্যাস।

BCS PIONEER

- তিনি এ উপন্যাসে তার ব্যক্তিগত ও পারিবারিক ইতিহাসকে সমসাময়িক ঘটনাপ্রবাহে তুলে ধরেছেন।

- লেখক হিন্দু ও মুসলমানের সাম্প্রদায়িক দূরত্বকে কাটিয়ে তাদের মধ্যে সৌহার্দের চেতনার কথা বলেছেন।

- এ উপন্যাসে তৎকালীন জমিদার প্রথা, নীলবিদ্রোহ ঐতিহাসিক প্রেক্ষাপট হিসেবে এসেছে।

- গাজী মিয়াঁর বস্তানী (১৮৯৯) তার আরেকটি আত্মজৈবনিক রচনা।

15. টেস্ট ক্রিকেটে সর্বাধিক সংখ্যক শত রান-এর কৃতিত্ব কার?

(ক) ক্রিস গেইল
(খ) রাহুল দ্রাবিড়
(গ) শচীন টেন্ডুলকার
(ঘ) বিরাট কোহলি

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
টেস্ট ক্রিকেটে সর্বাধিক সংখ্যক শত রান করার কৃতিত্ব হলো ভারতের কিংবদন্তী ক্রিকেটার শচীন টেন্ডুলকারের।

- তিনি ২০০টি টেস্ট ম্যাচে (১৯৮৯ – ২০১৩) মোট ৫১টি সেঞ্চুরি করেন।

- দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে দক্ষিণ আফ্রিকার জ্যাক ক্যালিস (৪৫টি সেঞ্চুরি) ও অস্ট্রেলিয়ার রিকি পন্টিং (৪১টি সেঞ্চুরি)।

- আন্তর্জাতিক ক্রিকেটে একমাত্র খেলোয়ার হিসেবে টেন্ডুলকার ১০০টি সেঞ্চুরি (৫১ টেস্ট ও ৪৯ ওয়ানডে) এবং টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ রান (১৫,৯২১) করেন।

16. বিশ্বের কোন দেশে সর্বাধিক সংখ্যক দরিদ্র মানুষ বাস করে?

(ক) ভারত
(খ) পাকিস্তান
(গ) বাংলাদেশ
(ঘ) ইথিওপিয়া

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
জাতিসংঘের প্রকাশিত গ্লোবাল মাল্টি ডাইমেনশনাল পোভার্টি ইনডেক্স (MPI)-২০২৪-এর রিপোর্ট অনুযায়ী, সারাবিশ্বে ১.১ বিলিয়নের বেশি মানুষ চরম দারিদ্র্যের মধ্যে বাস করছে।

- উক্ত রিপোর্ট অনুযায়ী সবচেয়ে বেশি দরিদ্র মানুষ বাস করে ভারতে (২৩৪ মিলিয়ন)।

- দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে পাকিস্তান (৯৩ মিলিয়ন) ও ইথিওপিয়া (৮৬ মিলিয়ন)।

17. Two-thirds of the bridge (be) constructed so far.

(ক) have been
(খ) has been
(গ) are
(ঘ) were

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
Fractions বা ভগ্নাংশ দিয়ে শুরু sentence-এ Fraction + of + singular noun হলে verb singular এবং

- Fraction + of + plural noun হলে verb plural হয়।

- প্রদত্ত sentence-এ Two-thirds (fraction) of-এর পর the bridge (singular) হওয়ায় এখানে verb singular হবে।

- অপশনসমূহের মধ্যে কেবল has been singular অর্থাৎ সঠিক উত্তর অপশন (খ)।

18. ১/৩, ২/৫, ৭/৪ এবং ৩/৫ এর ল.সা.গু.কত?

(ক) ৬০
(খ) ৪২
(গ) ৪২/৬০
(ঘ) কোনটিই নয়

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: প্রশ্ন: ১/৩, ২/৫, ৭/৪ এবং ৩/৫ এর ল.সা.গু.কত?
সমাধান: ভগ্নাংশের ল.সা.গু. = লবগুলোর ল.সা.গু. / হরগুলো গ.সা.গু
লবগুলো = ১, ২, ৭, ৩ ল.সা.গু.: = ১ × ২ × ৭ × ৩ = ৪২
হরগুলো = ৩, ৫, ৪, ৫ গ.সা.গু.: ৩ এর ভাজক: ১, ৩
৫ এর ভাজক: ১, ৫ ৪ এর ভাজক: ১, ২, ৪
সবগুলোর সাধারণ ভাজক একমাত্র ১ ভগ্নাংশের ল.সা.গু. = ৪২ / ১
= ৪২

19. 'হাত ধুয়ে বসা' বাগধারাটির অর্থ-

(ক) খেতে বসা
(খ) সাধু সাজা
(গ) শুরু করা
(ঘ) ভণ্ডামি করা

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: 'হাত ধুয়ে বসা' বাগধারার অর্থ সাধু সাজা।
এমন আরও গুরুত্বপূর্ণ বাগধারা :

- হাতটান- চুরির অভ্যাস,
- হাতের পাঁচ- শেষ সম্বল,
- হাত আসা- দক্ষতা,
- হাতভারী-কৃপণ,
- হাত ধরা- বশীভূত ইত্যাদি।

20. Which one bears the meaning 'happen to meet'?

(ক) come across
(খ) come out
(গ) come about
(ঘ) come up

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
Happen to meet (হঠাৎ দেখা হওয়া বা আকস্মিক খুঁজে পাওয়া) অর্থে অপশনসমূহের মধ্যে come across সঠিক উত্তর।

BCS PIONEER

Sentence-এ প্রয়োগ- She came across some old photographs in the drawer।
অন্যদিকে,

- come out- প্রকাশ পাওয়া,
- come about- ঘটা এবং
- come up- বেড়ে ওঠা।

21. 'ভ্রান্তিবিলাস' গ্রন্থের রচয়িতা-

(ক) প্রমথ চৌধুরী
(খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
ভ্রান্তিবিলাস (১৮৬৯) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত একটি অনুবাদ গ্রন্থ।
- এটি শেকস্পিয়রের 'Comedy of Errors' অবলম্বনে রচিত।
- বিদ্যাসাগর রচিত অন্যান্য উল্লেখযোগ্য অনুবাদ গ্রন্থ:

- জীবন চরিত (১৮৪৯)-চেম্বার্সের Biography-এর বাংলা অনুবাদ;
- শকুন্তলা (১৮৫৪)- কালিদাসের সংস্কৃত 'অভিজ্ঞান শকুন্তলম' অবলম্বনে রচিত;
- বাঙ্গালার ইতিহাস (১৮৪৮)-মার্শম্যানের History of Bengal-এর অনুবাদ।

22. ভারত পাকিস্তানের মধ্যে সিমলা চুক্তি স্বাক্ষরিত হয় কত সালে?

(ক) ১৯৭৪
(খ) ১৯৭৩
(গ) ১৯৭৫
(ঘ) ১৯৭২

সঠিক উত্তর: d

23. ভাসানচর কোন জেলায় অবস্থিত?

(ক) নোয়াখালী
(খ) চট্টগ্রাম
(গ) কুমিল্লা
(ঘ) ভোলা

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
ভাসানচর মেঘনা নদী ও বঙ্গোপসাগরের মোহনায় জেগে ওঠা একটি ছোট্ট দ্বীপ। এটি নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার চর ঈশ্বর ইউনিয়নের অন্তর্গত। নোয়াখালী জেলার বনবিভাগের তথ্যানুযায়ী, ভাসানচরের আয়তন ৬৫ বর্গকিমি।

24. বাংলাদেশে বিশেষ ক্ষমতা আইন কত সালে প্রণীত হয়?

(ক) ১৯৭৪
(খ) ১৯৭৯
(গ) ১৯৭৫
(ঘ) ১৯৭৭

সঠিক উত্তর: a

25. স্বাধীনতা যুদ্ধে সর্বশেষ শত্রুমুক্ত জেলা কোনটি?

(ক) খুলনা
(খ) বরিশাল
(গ) ঢাকা
(ঘ) চট্টগ্রাম

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
- ঢাকা জেলা শত্রুমুক্ত হয় ১৯৭২ সালের ৩১ জানুয়ারি। উল্লেখ্য,:

প্রথম শত্রুমুক্ত হয়	যশোর (৬ ডিসেম্বর, ১৯৭১)
কুষ্টিয়া শত্রুমুক্ত হয়	১১ ডিসেম্বর, ১৯৭১
কুমিল্লা শত্রুমুক্ত হয়	৮ ডিসেম্বর, ১৯৭১
সিলেট শত্রুমুক্ত হয়	১৫ ডিসেম্বর, ১৯৭১

26. ক্রয়মূল্য এবং বিক্রয়মূল্যের অনুপাত ৪ : ৫ হলে, লাভের পরিমাণ কত?

(ক) ২০%
(খ) ২৫%
(গ) (১০০/৩)%
(ঘ) ১৫%

সঠিক উত্তর: b

27. জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থ -

(ক) ধূসর পাণ্ডুলিপি
(খ) রূপসী বাংলা
(গ) ঝরাপালক
(ঘ) সাতটি তারার তিমির

সঠিক উত্তর: c

28. Identify the right form of question.

(ক) when was he died?
(খ) when was he die?
(গ) when did he die?
(ঘ) when was he dead?

সঠিক উত্তর: c

29. As he is lacking _____ common sense, he cannot understand such a simple equation.

(ক) of
(খ) behind
(গ) in
(ঘ) off

BCS PIONEER

সঠিক উত্তর: a

30. Ine = x হলে X এর মান কত?

(ক) e
(খ) 1
(গ) 10^e
(ঘ) e^{10}

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: দেওয়া আছে, ln e = x আমরা জানি,
লগারিদমের সূত্র অনুযায়ী, ln e = 1 যেহেতু, ln e = ln e
সেহেতু, x = 1 ∴ x = 1

31. মাদার তেরেসার জন্মস্থান কোথায়?

(ক) সার্বিয়া
(খ) ইতালি
(গ) মেসিডোনিয়া
(ঘ) আলবেনিয়া

সঠিক উত্তর: c

32. পঞ্চাশের মন্বন্তর হয়েছিলো কত সালে?

(ক) ১৮৫০
(খ) ১৯৪৩
(গ) ১৯৪৭
(ঘ) ১৯৭৪

সঠিক উত্তর: b

33. পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৭ : ২। ৫ বছর পর তাদের বয়সের অনুপাত হবে ৮ : ৩। বাবার বর্তমান বয়স কত?

(ক) ২৫
(খ) ৩৫
(গ) ৪৫
(ঘ) ৬৫

সঠিক উত্তর: b
ব্যাখ্যা: ধরি, পিতার বর্তমান বয়স = ৭ক পুত্রের বর্তমান বয়স = ২ক
৫ বছর পর: পিতার বয়স = ৭ক + ৫ পুত্রের বয়স = ২ক + ৫
নতুন ৮ : ৩ অনুপাত অনুসারে:
বা, (৭ক + ৫) / (২ক + ৫) = ৮ / ৩
বা, ৩(৭ক + ৫) = ৮(২ক + ৫) বা, ২১ক + ১৫ = ১৬ক + ৪০
বা, ২১ক - ১৬ক = ৪০ - ১৫ বা, ৫ক = ২৫ বা, ক = ৫
∴ বাবার বর্তমান বয়স = ৭ক = ৭ × ৫
= ৩৫ বছর

34. Blue Chips শব্দটি কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?

(ক) বাজি খেলায়
(খ) খুচরা বাজার
(গ) স্থানীয় বাজার
(ঘ) শেয়ার বাজার

সঠিক উত্তর: d

35. জুলাই শহীদ স্মৃতি ভবন কোন বিশ্ববিদ্যালয়ে অবস্থিত?

(ক) ঢাকা বিশ্ববিদ্যালয়
(খ) বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়
(গ) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
(ঘ) রাজশাহী বিশ্ববিদ্যালয়

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
ঢাকা বিশ্ববিদ্যালয়ের শেখ মুজিবুর রহমান হলে *"জুলাই শহীদ স্মৃতি ভবন"* অবস্থিত।
- ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মৃতি রক্ষার্থে নবনির্মিত এই ভবনের নামকরণ করা হয়, 'জুলাই শহীদ স্মৃতি ভবন।'
- ১ ফেব্রুয়ারি ২০২৫ এটি উদ্বোধন করা হয়। ১১ তলাবিশিষ্ট উক্ত ভবনের ২৫২টি কক্ষে ১ হাজার ৮০০ জন শিক্ষার্থীর আবাসন ব্যবস্থা রয়েছে।

36. Mark the correctly spelt word in the following:

(ক) anihilition
(খ) annehilion
(গ) annihilation
(ঘ) annihiliation

সঠিক উত্তর: c

37. কোন বানানটি শুদ্ধ?

(ক) মুহুর্ত
(খ) মূহুর্ত
(গ) মূহূর্ত
(ঘ) মুহূর্ত

সঠিক উত্তর: d

38. বাংলাদেশের একমাত্র উপকূলীয় নদীবন্দর-

(ক) মংলা
(খ) হাতিয়া
(গ) রামপাল
(ঘ) সন্দ্বীপ

সঠিক উত্তর: d

39. BRICS এর সদর দপ্তর কোথায়?

BCS PIONEER

(ক) সাংহাই (খ) বেইজিং

(গ) দিল্লী (ঘ) কোনটিই নয়

সঠিক উত্তর: d

40. a এবং b দু'টি ধারাবাহিক জোড় সংখ্যা হলে নিচের কোনটি বিজোড় সংখ্যা?

(ক) a^2 (খ) b^2

(গ) $a^2 + 1$ (ঘ) $b^2 + 2$

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: ধরি, a এবং b ধারাবাহিক জোড় সংখ্যা, তাহলে, b = a + 2

a^2: যেহেতু a জোড়, তাই a^2 জোড় হবে।

b^2: যেহেতু b জোড়, তাই b^2 জোড় হবে।

$a^2 + 1$: যেহেতু a^2 জোড়, $a^2 + 1$ বিজোড় হবে।

$b^2 + 2$: যেহেতু b^2 জোড়, $b^2 + 2$ জোড় হবে।

∴ বিজোড় সংখ্যা = $a^2 + 1$

41. তিনটি ক্রমিক সংখ্যার যোগফল ১৫৯ হলে বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বর্গের অন্তর কত?

(ক) ২১২ (খ) ২৩২

(গ) ৩৩২ (ঘ) ৩৫২

সঠিক উত্তর: a

42. মানুষের মনোভাব প্রকাশক কণ্ঠ নিঃসৃত অর্থবহ ধ্বনি সমষ্টিই হলো –

(ক) শব্দ ও পদ (খ) ব্যাকরণ

(গ) ভাষা (ঘ) ভাষারীতি

সঠিক উত্তর: c

43. x + y = 10 এবং x – y = 4 হলে x : y = কত?

(ক) 10 : 4 (খ) 7 : 3

(গ) 5 : 2 (ঘ) 4 : 3

সঠিক উত্তর: b

44. কোন ভগ্নাংশটি বড়?

(ক) ৩/৫ (খ) ২/৭

(গ) ৪/৯ (ঘ) ১/৩

সঠিক উত্তর: a

45. 'লোভ পরিত্যাগ কর, তুমি সুখে থাকবে।' বাকাটি -

(ক) সরল বাক্য (খ) নির্দেশক বাক্য

(গ) যৌগিক বাক্য (ঘ) জটিল বাক্য

সঠিক উত্তর: c

46. A = Φ হলে P(A) = কত?

(ক) {Φ} (খ) { }

(গ) {0} (ঘ) {0, 1}

সঠিক উত্তর: a

47. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রাজনৈতিক উপন্যাস?

(ক) শেষের কবিতা (খ) গোরা

(গ) নৌকাডুবি (ঘ) চোখের বালি

সঠিক উত্তর: b

48. একটি সংখ্যা আরেকটি সংখ্যার ২/৫ গুণ। সংখ্যা দুইটির যোগফল ৯৮ হলে, সংখ্যা দু'টি কত?

(ক) ৫০, ৪৮ (খ) ৪০, ৫৮

(গ) ২৮, ৭০ (ঘ) ১৮, ৮০

সঠিক উত্তর: c

49. 'সকল শিক্ষকগণ আজ উপস্থিত।' বাক্যটি কোন দোষে দুষ্ট?

(ক) গুরুচন্ডালী দোষে (খ) দুর্বোধ্যতা দোষে

(গ) উচ্চারণ দোষে (ঘ) বাহুল্য দোষে

সঠিক উত্তর: d

50. Use the appropriate word in the gap. My friend held my hand _____ I should fall on the lift.

(ক) least (খ) at least

(গ) lest (ঘ) at last

BCS PIONEER

সঠিক উত্তর: c

51. ইনসুলিন কী?

(ক) এক প্রকার ভিটামিন
(খ) কার্বোহাইড্রেট
(গ) এক প্রকার মানব হরমোন
(ঘ) প্রোটিন

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: ইনসুলিন এক প্রকার মানব হরমোন।
- এটি এক ধরনের জটিল রাসায়নিক পদার্থ, যা অন্তঃক্ষরা গ্রন্থি হতে নিঃসৃত হয়ে দেহের স্বাভাবিক ও সুসংহত বৃদ্ধি, জনন এবং নানাবিধ কার্য সম্পন্ন করে।
- ইনসুলিন হরমোন অগ্ন্যাশয়ের *'আইলেটস্ অব ল্যাঙ্গারহ্যান্স'* থেকে উৎপন্ন হয়।

52. গ্রিনপিস কোন দেশের পরিবেশবাদী সংগঠন?

(ক) নেদারল্যান্ডস
(খ) পোল্যান্ড
(গ) ফিনল্যান্ড
(ঘ) নিউজিল্যান্ড

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
'গ্রিনপিস' নেদারল্যান্ডসভিত্তিক একটি বেসরকারি পরিবেশবাদী সংস্থা।
- ১৯৭১ সালে এটি প্রতিষ্ঠিত হয়।
- ১৯৭১ সালে সংস্থাটি আলাস্কায় পারমাণবিক পরীক্ষারও বিরুদ্ধে প্রথম আন্দোলন শুরু করে।

53. একটি রম্বসের কর্ণদ্বয়েরদৈর্ঘ্য ১৫সে.মি. ও ৮ সে.মি. হলে রম্বসটির ক্ষেত্রফল কত?

(ক) ৮০ বর্গ সে.মি.
(খ) ১০০ বর্গ সে.মি.
(গ) ৬০ বর্গ সে.মি.
(ঘ) ১২০ বর্গ সে.মি.

সঠিক উত্তর: c

54. 'You are performing tonight, so break a leg.' The idiom 'break a leg' means-

(ক) cautious
(খ) be careful
(গ) good luck
(ঘ) good bye

সঠিক উত্তর: c
ব্যাখ্যা:
'Break a leg' idion-টির অর্থ শুভকামনা জানানো। অর্থাৎ অপশনসমূহের মধ্যে good luck সঠিক উত্তর।

55. ছোট সোনা মসজিদ কোন জেলায় অবস্থিত?

(ক) বরিশাল
(খ) বাগেরহাট
(গ) খুলনা
(ঘ) চাঁপাইনবাবগঞ্জ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
বাংলাদেশের রাজশাহী বিভাগের চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার পিরোজপুর গ্রামে ছোট সোনা মসজিদ অবস্থিত।
- সুলতান আলাউদ্দিন হুসেন শাহ-এর শাসনামলে (১৪৯৪-১৫১৯ খ্রিষ্টাব্দ) ওয়ালি মোহাম্মদ নামে এক ব্যক্তি এই মসজিদটি নির্মাণ করেন।

56. "শবনম" শব্দের অর্থ কী?

(ক) আকাশের তারা
(খ) পূর্ণিমার আলো
(গ) নয়ন
(ঘ) ভোরের শিশির

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: "শবনম" শব্দের অর্থ - *ভোরের শিশির*।
— 'শবনম' শব্দটি মূলত *ফারসি* ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে।

57. 'Stop beating around the bush and tell me what you really want! The phrase of <u>beating around the bush</u> refers to -

(ক) helping with pints
(খ) annoying facts
(গ) giving pain
(ঘ) avoiding the main topic

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
'beating around the bush' phrase-টির অর্থ - *avoiding the main topic*।
আরো কিছু গুরুত্বপূর্ণ তথ্য:
— এই ইংরেজি Idiom-টির অর্থ হলো মূল বিষয়কে এড়িয়ে গিয়ে অপ্রাসঙ্গিক বা ঘুরিয়ে-পেঁচিয়ে কথা বলা (speaking in a round-about way)।
— বাংলায় এর অর্থ হিসেবে "ভনিতা করা" বা "আসল কথা এড়িয়ে যাওয়া" বলা যেতে পারে।
— এর বিপরীতার্থক (Antonym) ফ্রেজ হতে পারে: *come to the point* বা *get straight to the point*।

58. 'সন্ধান' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?

(ক) সম্ + ধান
(খ) সন + খান
(গ) সঃ + ধান
(ঘ) সন্+ ধান

BCS PIONEER

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
আগে ম্ এবং পরে ক/খ/ গ/ ঘ-এর যে-কোনোটি থাকলে ম্ স্থানে অনুস্বার (ং) বা অঙ (ঙ) হয়। কিন্তু ম-এর পরে চ্ থেকে ম্ পর্যন্ত যে-কোনো ধ্বনি থাকলে পূর্বপদের ম্- স্থানে ঐ বর্গের পঞ্চম ধ্বনি হয়।
যেমন:

- সম্ + ধান = সন্ধান,
- সম্ + ধি = সন্ধি,
- সম্ + পূর্ণ = সম্পূর্ণ,
- সম্ + প্রদান = সম্প্রদান,
- সম্ + যত = সংযত ইত্যাদি।

59. My father loves me very much. Here 'loves' is an example of-

(ক) transitive verb (খ) intransitive verb
(গ) auxiliary verb (ঘ) quasi- passive verb

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
"My father loves me very much." বাক্যে 'loves' হলো একটি - *transitive verb* (সকর্মক ক্রিয়া)।

— যে ক্রিয়া বা Verb-এর Object বা কর্ম থাকে, তাকে *transitive verb* বা সকর্মক ক্রিয়া বলে। এই বাক্যে 'loves' verb-টির object হলো 'me', তাই এটি transitive verb।

60. আয়তন বিবেচনায় ছোট দেশ কোনটি?

(ক) ভূটান (খ) মালদ্বীপ
(গ) কুয়েত (ঘ) বার্মা

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
প্রশ্নে উল্লেখিত অপশন অনুযায়ী আয়তনে সবচেয়ে ছোট দেশ মালদ্বীপ (প্রায় ৩০০ বর্গ কিমি)। সার্কভুক্ত দেশগুলোর মধ্যে এ দেশটির মাথাপিছু আয় ও শিক্ষার হার সর্বোচ্চ। উল্লেখ্য, আয়তনে পৃথিবীর সবচেয়ে ছোট দেশ ভ্যাটিকান সিটি। এর আয়তন ০.৪৪ বর্গ কিলোমিটার। তবে জাতিসংঘভুক্ত সবচেয়ে ছোট দেশ মোনাকো (২.০২ বর্গ কিমি)।

61. নিচের কোন পরিমাপটি দিয়ে একটি সমকোণী ত্রিভুজ আঁকা সম্ভব?

(ক) 60° এবং 36° (খ) 40° এবং 50°
(গ) 30° এবং 70° (ঘ) 80° এবং 20°

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
সমকোণী ত্রিভুজে, সমকোণ ব্যতীত অপর দুই কোণের সমষ্টি হয় 1 সমকোণ বা 90° । এক্ষেত্রে, 40° + 50° = 90° হয়।
সুতরাং, সঠিক উত্তর (খ)।

62. Mr. John could not dissociate himself _____ what he stated earlier.

(ক) from (খ) against
(গ) of (ঘ) with

সঠিক উত্তর: a

63. 'রক্তে ভেজা একুশ' গদ্যটির লেখক কে?

(ক) সেলিনা হোসেন (খ) জাহানারা বেগম
(গ) আখতারুজ্জামান ইলিয়াস (ঘ) রশীদ করিম

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
'রক্তে ভেজা একুশে' কথাসাহিত্যিক *সেলিনা হোসেন* রচিত 'গায়ত্রী সন্ধ্যা' (১৯৯৪) উপন্যাসের অংশবিশেষ।
- ভাষা আন্দোলনে ছাত্র-জনতার মিছিলে প্রত্যক্ষভাবে অংশগ্রহণকারী ছাত্র ও পথশিশুর অভিব্যক্তি এতে প্রকাশিত হয়েছে।
- উপন্যাসে পথশিশু অহি শহিদ হয় এবং সব মায়ের সন্তান হিসেবে স্বীকৃতি পায়।
- জহির রায়হানের 'আরেক ফাল্গুন', শওকত ওসমানের 'আর্তনাদ', দিলারা হাশেমের 'ঘর মন জানালা' ভাষা আন্দোলনভিত্তিক উল্লেখযোগ্য উপন্যাস।

64. একটি বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু হতে ঐ বৃত্তে মোট কতটি স্পর্শক অংকন করা যায়?

(ক) অসংখ্য (খ) ৪টি
(গ) ৩টি (ঘ) ২টি

সঠিক উত্তর: d

65. The songs of Kazi Nazrul interest me. The correct passive form of the sentence is-

BCS PIONEER

(ক) I am interested by the songs of Kazi Nazrul.

(খ) I am interested with the songs of Kazi Nazrul.

(গ) I am interested on the songs of Kazi Nazrul.

(ঘ) I am interested in the songs of Kazi Nazrul.

সঠিক উত্তর: d

66. ১ থেকে ২২ পর্যন্ত ৩ দ্বারা বিভাজ্য সংখ্যাগুলির মধ্যক কত?

(ক) ১৫ (খ) ১২

(গ) ২১ (ঘ) ১৮

সঠিক উত্তর: b

67. "Meteorology" is the science of -

(ক) meteors (খ) metals

(গ) earthquake (ঘ) weather

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
"Meteorology" অর্থ আবহাওয়া বিজ্ঞান, যেখানে পৃথিবীর বায়ুমণ্ডল নিয়ে আলোচনা করা হয়। বিশেষ করে আবহাওয়ার বিভিন্ন প্রক্রিয়া যেমন- পূর্বাভাস, ঘটনা এবং আবহাওয়ার উপাদান নিয়ে অধ্যয়ন করা হয়।

68. চার অংকের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?

(ক) ১০০০০ (খ) ৯৯৯৮

(গ) ৯৮৯৮ (ঘ) ৮৯৯৯

সঠিক উত্তর: d

69. বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর লিখিত ও প্রকাশিত প্রথম গ্রন্থ কোনটি?

(ক) জাহান্নাম হতে বিদায় (খ) রাইফেল রোটি আওরাত

(গ) হাঙ্গর নদী গ্রেনেড (ঘ) বং থেকে বাংলা

সঠিক উত্তর: a

70. A = {1, 2, 3}, B = {4, 5, 6} হলে A - B কত?

(ক) {1, 2, 3} (খ) { }

(গ) {4, 5, 6} (ঘ) {Φ}

সঠিক উত্তর: a

71. Identify the correct sentence.

(ক) A loud fearfully cry was heard

(খ) A loud cry fearfully was heard

(গ) A loud fearfully was crying heard

(ঘ) A fearfully loud cry was heard

সঠিক উত্তর: d

72. 4.3̇ এর সাধারণ ভগ্নাংশ কোনটি?

(ক) 13/3 (খ) 43/9

(গ) 1/3 (ঘ) 7/9

সঠিক উত্তর: a

73. যদি $2x + 2/x = 3$ হয় তবে, $x^2 + 1/x^2$ = কত?

(ক) 1/4 (খ) 2/3

(গ) 1/2 (ঘ) 3/4

সঠিক উত্তর: a

74. 'কবর' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ক) বালুচর (খ) সোজন বাদিয়ার ঘাট

(গ) ধানখেত (ঘ) রাখালী

সঠিক উত্তর: d

75. স্বাধীনতা যুদ্ধে বীরত্বের জন্য কতজন বীরমুক্তিযোদ্ধাকে বীরপ্রতীক উপাধি প্রদান করা হয়?

(ক) ৪২৫ (খ) ৪৩০

(গ) ৪২৬ (ঘ) ৪২০

সঠিক উত্তর: c

76. The plural form of 'Oasis' is -

(ক) Oasises (খ) Oases

(গ) Oasses (ঘ) Oasess

BCS PIONEER

সঠিক উত্তর: b

77. 'হযবরল' কার লেখা?

(ক) সুকুমার রায় (খ) সুফিয়া কামাল
(গ) সত্যেন সেন (ঘ) রণেশ দাশগুপ্ত

সঠিক উত্তর: a

78. 'তিনটি বছর' – এখানে 'তিনটি' কোন পদ?

(ক) বিশেষ্য (খ) অব্যয়
(গ) ক্রিয়া (ঘ) বিশেষণ

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: সংখ্যাবাচক বিশেষণ:
যে বিশেষণ দ্বারা সংখ্যা বোঝানো হয় তাকে সংখ্যাবাচক বিশেষণ বলে।
'তিনটি বছর'-এখানে 'তিনটি' হলো সংখ্যাবাচক বিশেষণ। আরও উদাহরণ- হাজার লোক, দুই কিলোমিটার, পাঁচ মণ চাল, দশ জন ইত্যাদি।

79. Choose the correctly spelt word to fill in the blank: who was the first _____ of Russia

(ক) Czar (খ) Zcar
(গ) Casear (ঘ) Zhar

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
রাশিয়ার ক্ষমতাসম্পন্ন সম্রাটের রাষ্ট্রীয় উপাধি ছিল *Czar (জার)*। Czar-এর feminine হলো Czarina / ১৯১৭সালে রুশ বিপ্লবের মধ্য দিয়ে জারতন্ত্রের বিলোপ হয়।

80. 'Attested' এর বাংলা পরিভাষা -

(ক) পুনঃনিরীক্ষণ (খ) প্রত্যয়িত
(গ) প্রত্যয়ন (ঘ) নিরীক্ষিত

সঠিক উত্তর: b

81. তানসেন কে ছিলেন?

(ক) সম্রাট আকবরের সভাকবি
(খ) সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহের অর্থমন্ত্রী
(গ) সম্রাট বাবরের মন্ত্রী
(ঘ) একজন নৃত্যশিল্পী

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
তানসেন (১৫০০-১৫৮৭ খ্রি.) বিখ্যাত ভারতীয় শাস্ত্রীয় সংগীতজ্ঞ, গায়ক এবং সুরকার। তিনি মুঘল *সম্রাট আকবরের নবরত্নের* মধ্যে অন্যতম এবং সংস্কৃতি মন্ত্রীর দায়িত্ব পালন করেন। তার আসল নাম রামতনু পান্ডে। সম্রাট তার সংগীত প্রতিভা দেখে 'মিঞা' উপাধি দেন।

অন্যদিকে, নবরত্নদের মধ্যে উল্লেখযোগ্য হলেন- আবুল ফজল (প্রধানমন্ত্রী), ফৈজি (রাজকবি), রাজা বীরবল (বিদেশ মন্ত্রী), রাজা টোডরমল (অর্থমন্ত্রী), রাজা মানসিংহ (প্রধান সেনাপতি) এবং আবদুর রহিম খান-ই-খানান (প্রতিরক্ষা মন্ত্রী)।

82. Translate the Bangla sentence into English- 'দুয়ে দুয়ে চার হয়'

(ক) Two and two made four (খ) Two and two makes four
(গ) Two and two were four (ঘ) Two plus two four

সঠিক উত্তর: b

83. নয়টি সংখ্যার গড় ৬৩। এদের প্রথম পাঁচটির গড় ৬০ এবং শেষ পাঁচটির গড় ৬৫ হলে পঞ্চম সংখ্যাটি কত?

(ক) ৬০ (খ) ৫৯
(গ) ৫৮ (ঘ) ৬২

সঠিক উত্তর: c

84. Fill in the gap with a suitable word given below: An ____ sweet flower was found on the plant.

(ক) unusually (খ) unreal
(গ) unequal (ঘ) unclear

সঠিক উত্তর: a

85. 'মন্বন্তর' কোন সমাসের উদাহরণ?

(ক) রূপক কর্মধারয় (খ) বহুব্রীহি
(গ) উপমিত কর্মধারয় (ঘ) নিত্য সমাস

BCS PIONEER

সঠিক উত্তর: d
ব্যাখ্যা: নিত্য সমাস:
যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে। শুধু সমস্তপদের ব্যাখ্যা দিতে হয়।
যেমন: - দুই এবং নব্বই = বিরানব্বই, - ঈষৎ ঘোলা = ঘোলাটে,,
- অন্যমত = মতান্তর, - অন্য মনু = মন্বন্তর।

86. 'অচিন' শব্দের 'অ' উপসর্গ হলো -

(ক) বাংলা (খ) সংস্কৃত
(গ) বিদেশি (ঘ) হিন্দি

সঠিক উত্তর: a
ব্যাখ্যা:
বাংলা ভাষার যেসব অব্যয়সূচক শব্দাংশ শব্দের পূর্বে বসে অর্থের সংকোচন, প্রসারণ ও পরিবর্তন ঘটিয়ে নতুন শব্দ গঠন করে তাকে উপসর্গ বলে।
- 'অ' খাঁটি বাংলা উপসর্গ, যা 'অচিন' শব্দে 'অভাব' অর্থে ব্যবহৃত হয়েছে।
- 'অভাব' অর্থে আরও উদাহরণ- অজানা, অথৈ। এ উপসর্গের আরও ব্যবহার: নিন্দিত অর্থে- অকেজো, অচেনা, অপয়া; ক্রমাগত অর্থে- অঝোর।

87. লুডু খেলায় একটি ছক্কা (dice) পুরপর দুইবার ছোড়া হলে, মোট কত রকম ফলাফল পাওয়া সম্ভব?

(ক) ৬ (খ) ১২
(গ) ৩৬ (ঘ) ১৮

সঠিক উত্তর: c
ব্যাখ্যা: একটি ছক্কা (dice) একবার ছোড়া হলে সম্ভাব্য ফলাফল ৬টি।
∴ পরপর দুইবার ছোড়া হলে ফলাফল সংখ্যা হবে = ৬ × ৬ = ৩৬টি।

88. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে পাকবাহিনীর সাথে সর্বশেষ লড়াই কোথায় সংঘটিত হয়েছিল?

(ক) লালমাই (খ) আখাউড়া
(গ) বগুড়া (ঘ) সাভার

সঠিক উত্তর: d
ব্যাখ্যা:
১৯৭১ সালে পাকিস্তান বাহিনীর সঙ্গে সর্বশেষ লড়াই হয় ঢাকার প্রবেশপথের আশেপাশে বিশেষ করে সাভার, টঙ্গী এবং শীতলক্ষ্যা নদীর পূর্ব পারে।
- ১৪ ডিসেম্বর ১৯৭১ যৌথ বাহিনী ঢাকার পূর্বদিকে শীতলক্ষ্যা ও বালু নদীর তীরে অবস্থান নেয় এবং পাকিস্তানি বাহিনীর সাথে তাদের শেষ লড়াই হয়। অবশেষে, পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণ দলিলে স্বাক্ষরের মাধ্যমে ১৬ ডিসেম্বর ১৯৭১ মুক্তিযুদ্ধের আনুষ্ঠানিক সমাপ্তি ঘটে।

89. ঢাকা বিশ্ববিদ্যালয় কবি কাজী নজরুল ইসলামকে ডক্টরেট ডিগ্রি প্রদান করে-

(ক) ১৯৭৫ সালে (খ) ১৯৭৪ সালে
(গ) ১৯৭৩ সালে (ঘ) ১৯৭৬ সালে

সঠিক উত্তর: b
ব্যাখ্যা:
ঢাকা বিশ্ববিদ্যালয় জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে ডক্টরেট ডিগ্রি (ডি.লিট) প্রদান করে ১৯৭৪ সালে।
উল্লেখ্য,
- রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় ১৯৬৯ সালে তাকে ডি.লিট ডিগ্রি প্রদান করে।
- এছাড়া কাজী নজরুল ইসলামকে কলকাতা বিশ্ববিদ্যালয় ১৯৪৫ সালে জগত্তারিণী স্বর্ণপদক এবং ভারত সরকার ১৯৬০ সালে পদ্মভূষণ উপাধি প্রদান করে।

90. কবি জীবনানন্দ দাসের রচিত উপন্যাস:

(ক) কুসুম কুমারী (খ) বিভা
(গ) ফাল্গুন (ঘ) করবী

সঠিক উত্তর: b

91. বাংলা সাহিত্যের প্রথম সার্থক মহাকাব্য -

(ক) মহাভারত (খ) মহাশ্মশান
(গ) মেঘনাদবধ কাব্য (ঘ) অশ্রুমালা

সঠিক উত্তর: c

92. Change the following sentence into negative-interrogative: He doesn't like bread.

(ক) Didn't he like bread? (খ) Doesn't he like bread?
(গ) Don't he like bread? (ঘ) wasn't he like bread?

সঠিক উত্তর: b

BCS PIONEER

93. Mark the correct sentence.

(ক) Kim talks to his cat as if it didn't understand him

(খ) Kim talks to his cat as if it understand him

(গ) Kim talks to his cat as if it should be meaningful to him

(ঘ) Kim talks to his cat as if it could understand him

সঠিক উত্তর: d

BCS PIONEER